ঋণ-তথা-দায়বন্ধক চুক্তি

এই চুক্তি রচিত হয়েছে _____ -এ _____ তারিখে, এসকল ব্যক্তিদের মধ্যে যাদের নাম(গুলি) এবং ঠিকানা(গুলি) তফসিলে যেমন বর্ণিত হয়েছে (এরপর থেকে "ঋণগ্রহীতা" বলা হবে) যারা হল প্রথম অংশ, জামিনদার(গুলি), যা(দের) বিশদ তথ্যগুলি তফসিলে বিবৃত হয়েছে, (এরপর থেকে জামিনদার(গুলি) বলা হবে) যারা হল দ্বিতীয় অংশ, এবং মেসার্স বুসান অটো ফাইনান্স ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড (Bussan Auto Finance India Private Limited), একটি সংস্থা, যেটি কোম্পানিস 1956 আইনের অধীনে অর্ন্তভুক্ত এবং RBI, 1934 আইনের অধীনে একটি নন-ব্যাংকিং আর্থিক সংস্থা হিসাবে যথাক্রমে নিবন্ধিত হয়েছে, যার নিবন্ধিত এবং মুখ্য কার্যালয় হল 4র্থ তল, ভিডিওকন টাওয়ার, E-1, ঝাণ্ডেওয়ালা এক্সটেনশন, নিউ দিল্লী 110055, ভারত এবং যেমনভাবে তফসিলে উল্লেখিত অফিসের একটি শাখা রয়েছে (এরপর থেকে "BAF" হিসাবে উল্লেখিত হয়েছে) যারা হল তৃতীয় অংশ। ঋণগ্রহীতাগণ, "জামিনদারগণ" এবং "BAF", যদি না প্রসঙ্গের পরিপন্থী হয়, তাদের নিজ নিজ আইনি উত্তরাধিকারী, প্রতিনিধি, উত্তরপুরুষ, নির্বাহিক, প্রশাসক এবং স্বত্বনিয়োগী, ইত্যাদি এর অর্ন্তভুক্ত হবে।

যেখানে ঋণগ্রহীতা(গণ), "জামিনদার(গণ)" "BAF"-এর কাছে আবেদন জানিয়েছেন এবং বাহন ক্রয়ের জন্য অর্থ/ঋণ সুবিধা মঞ্জুর করার অনুরোধ জানিয়েছেন (এখন থেকে 'ঋণ সুবিধা' বলা হবে) যা আরো বিশদভাবে তফসিলে বর্ণিত হয়েছে এবং ব্যাখ্যা করা হয়েছে এবং "BAF" এখানে উল্লেখিত ঋণ-তথা-দায়বন্ধক চুক্তির শর্তাবলী অনুযায়ী তফসিলে উল্লেখিত সীমা অবধি ঋণ প্রদান করতে সম্মত হয়েছে

বর্তমানে সমস্ত পক্ষগুলি নিজেদের মধ্যে নিম্নলিখিত অনুযায়ী সম্মত হয়েছেঃ

1. সংজ্ঞা এবং বিশদ ব্যাখ্যা

1.1 এই চুক্তিতে নিম্নলিখিত অর্থগুলি প্রযোজ্য হবেঃ

"চুক্তি" -র অর্থ হল বাহনের বিনিময়ে ঋণ সুবিধা মঞ্জুরীর জন্য যে এই ঋণ চুক্তি যার বিষয়ে তফসিলে বিশেষভাবে উল্লেখিত হয়েছে এবং এই চুক্তির জন্য সমস্ত সম্পাদিত নথিপত্র এর মধ্যে অর্ন্তভুক্ত।

"BAF" -এর অর্থ হল বুসান অটো ফাইনান্স ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড (Bussan Auto Finance India Private Limited), একটি সংস্থা যা কোম্পানিস্ আইন, 1956-এর অধীনে অর্ন্তভুক্ত হয়েছে এবং নন-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠানের ব্যবসা চালাবার জন্য রিজার্ভ ব্যাংক অফ ইণ্ডিয়ার দ্বারা একটি রেজিস্ট্রেশনের সার্টিফিকেট প্রদান করা হয়েছে এবং এর নিবন্ধিত অফিস হল নিউ দিল্লীতে যা বর্তমান অবস্থায় তফসিলে উল্লেখিত তাদের একটি শাখা অফিসের মাধ্যমে চালু রয়েছে।

"ঋণগ্রহীতা"-এর অর্থ হল এক বা একাধিক ব্যক্তি(গণ)/স্বত্বাগুলি যাদের নাম(গুলি) এবং ঠিকানা(গুলি) এই চুক্তির তফসিলে উল্লেখিত রয়েছে, যারা এই ঋণের সুযোগ গ্রহণ করছেন, ঋণগ্রহীতা হিসাবে এই চুক্তি সম্পাদন করছেন) এবং এটি গণ্য করা হবে যে প্রত্যেকে এককভাবে এই চুক্তি সম্পাদন করেছেন এবং একের বেশী সংখ্যায় হলে, তাদের সবাই নিচে বর্ণিত দায়দায়িত্ব গ্রহণ করার জন্য যৌথভাবে এবং পৃথকভাবে সম্মত হয়েছেন।

"জামিনদার" - এর অর্থ হল এক বা একাধিক ব্যক্তি(গণ)/স্বত্বাগুলি যাদের নাম(গুলি) এবং ঠিকানা(গুলি) এই চুক্তির তফসিলে উল্লেখিত রয়েছে, যারা ঋণ সুবিধা পরিশোধের প্রতিশ্রুতি দিচ্ছেন এবং এই চুক্তির অধীনে ঋণগ্রহীতার পক্ষে এবং জামিনদার হিসাবে স্বয়ং এই চুক্তি সম্পাদন করে দায়দায়িত্ব থেকে মুক্ত হওয়া) এবং এটি গণ্য করা হবে যে তাদের প্রত্যেকে এই চুক্তি এককভাবে সম্পাদন করেছেন এবং একের বেশী সংখ্যায় হলে, তাদের সবাই নিচে বর্ণিত দায়দায়িত্ব গ্রহণের জন্য নিজেরা এবং ঋণগ্রহীতা(দের) সাথে যৌথভাবে এবং পৃথকভাবে সম্মত হয়েছেন।

"ঋণ প্রদানকারী ব্যাংক"-এর অর্থ হল তফসিলে বর্ণিত স্থানে "BAF"-এর শাখা অফিস।

"EMI" অথবা "সমানভাবে মাসিক কিস্তি"-এর অর্থ হল ঋণগ্রহীতা দ্বারা প্রতি মাসে "BAF"-কে প্রদেয় অর্থ যার অর্ন্তভুক্ত হল মূলধন অংশ এবং সুদের অংশ যা প্রদেয় মোট অর্থকে সমানভাবে (ঋণ সুবিধার শর্তানুযায়ী মূলধন এবং সুদের পুঁজিত হওয়া, চুক্তির সম্মত হারে প্রতিদিনকার ভিত্তিতে গণনাকৃত এবং মাসিক বিরতিতে প্রযোগকৃত) কিস্তির মোট সংখ্যা দ্বারা ভাগ করে করা হয়ে থাকে, যেমনভাবে তফসিলে বর্ণিত হয়েছে এবং পরবর্তী টাকায় পরিবর্তিত করা হয়।

"ঋণ সুবিধা"-এর অর্থ হল "BAF"-এর দ্বারা এই চুক্তি অনুসারে বাহন ক্রয়ের জন্য যা আরো বিশদে এই তফসিলে বর্ণিত হয়েছে, ঋণ/আর্থিক সুবিধা অনুমোদিত/মঞ্জুর হয়েছেঃ এবং "ঋণ" কথাটির ব্যাখ্যা হল যদি প্রসঙ্গের প্রয়োজন পড়ে, তারও অর্থ এবং এর অর্ন্তভুক্ত হবে সমস্ত প্রদেয় অর্থ যা এই চুক্তির ধারাগুলি প্রয়োগ হবার পরে পুঁজিত হয়েছে এবং নিম্নলিখিত ঋণ সুবিধার অনাদায়ী মূলধন অর্থ,

"সময়ে পরিশোধে অক্ষমতায় সুদের হার"- হল সময়ে পরিশোধে অক্ষমতায় EMI এবং অন্যান্য মাশুল, খরচ, ফিস্, ব্যয়,ইত্যাদির উপরে সুদ হিসাব করে পুঁজিত করার জন্য চুক্তির সম্মত হার যা ঋণ অ্যাকাউন্টে ধার্য্য করা হয় যখন তা এই চুক্তির ধারাগুলি প্রয়োগ করার কারণে বকেয়া হয়ে পড়ে এবং ঋণগ্রহীতার দ্বারা "BAF"-কে প্রদেয় হয়, যেমনভাবে তফসিলে বিবৃত করা হয়েছে।

"পক্ষগুলি" -এর অর্থ হল যৌথভাবে "BAF" এবং ঋণগ্রহীতাকে উল্লেখ করা।

"বাহন"-এর অর্থ হল বাহন যা বিশেষভাবে এই চুক্তির তফসিলে বর্ণিত আছে, যেই উদ্দেশ্যে "BAF"-এর দ্বারা ঋণ সুবিধা মঞ্জুর করা হয়েছে।

"সময়তালিকা"-এর অর্থ হল এই চুক্তির সময়তালিকা।

1.2 এই চুক্তিতে, বহুবচন একবচনের অর্ন্তভুক্ত হবে এবং পুংলিঙ্গ, স্ত্রীলিংঙ্গ বা নিরপেক্ষ লিঙ্গ প্রসঙ্গ অনুযায়ী হতে পারে।

1.3 যেকোন শব্দরাশি যা এখানে বর্ণিত হয় নি, যদি তা জেনারেল ক্লজেজ আইন, 1897 অনুযায়ী বর্ণনা করা হয় তাহলে উপরোক্ত আইনের অধীনে যা এতে আরোপিত হয়েছে সেই অর্থই হবে।

1.4 এই চুক্তিতে ধারাগুলির ব্যবস্থাপনা তাদের বিশদ ব্যাখ্যার উপরে কোন প্রভাব পড়বে না। ধারাগুলির শীর্ষভাগ প্রবিষ্ট করা হয়েছে কেবলমাত্র সুবিধার জন্যই এবং এখানে সেগুলির সংশ্লিষ্ট বিধানগুলির বিশদ ব্যাখ্যার উপরে কোন প্রভাব পড়বে না।

2. ঋণ প্রদান করতে "BAF"-এর চুক্তি এবং ঋণ করার জন্য ঋণগ্রহীতার চুক্তি

2.1 ঋণগ্রহীতা এবং জামিনদার, প্রতিনিধি, নির্ভরপত্র, চুক্তিপত্র এবং অঙ্গীকারের যৌথ অনুরোধের ভিত্তিতে "BAF" সম্মত হয়, যেমনভাবে এখানে প্রদত্ত এবং ঋণ সুবিধার জন্য আবেদনপত্রে এবং ঋণ সুবিধার বিষয়ে ঋণগ্রহীতা দ্বারা সম্পাদিত বা পেশকৃত অন্যান্য নথিপত্রে উল্লেখিত রয়েছে ঋণগ্রহীতাকে ঋণ দেবার জন্য এবং ঋণগ্রহীতা বাহন ক্রয়ের জন্য এই চুক্তি এবং সময়তালিকাতে উল্লেখিত পুরোপুরি প্রদত্ত শর্তাবলীতে ঋণ সুবিধার জন্য -"BAF"-এর থেকে ঋণ করতে সম্মত হয়েছেন।

2.2 BAF এবং ঋণগ্রহীতার মধ্যে ঋণ প্রদানকারী এবং ঋণগ্রহীতার সম্পর্ক এই চুক্তির তারিখ থেকে শুরু হবে এবং ঋণগ্রহীতার পক্ষ থেকে যেকোন পরিশোধে অক্ষমতার কারণের জন্য ততদিন পর্যন্ত চালু থাকবে যতক্ষণ না পর্যন্ত BAF দ্বারা তা নির্ণীত হচ্ছে বা বাতিল করা হচ্ছে এবং ঋণগ্রহীতার দায় নিরূপণ করে চলবে এই পর্যন্ত যতক্ষণ না অবধি সমস্ত বকেয়া অর্থ যা এই চুক্তির অধীনে ঋণগ্রহীতা দ্বারা "BAF"-এর কাছে পরিশোধীয় এবং আর এখন পর্যন্ত সমস্ত অনুবর্তী নথিপত্রে পুরোপুরি পরিশোধ করা হয়েছে এবং "BAF" দ্বারা প্রাপ্ত হয়েছে।

3. ঋণ/আর্থিক সুবিধা মঞ্জুর করা-

যদি না ঋণগ্রহীতা এবং "BAF"-এর মধ্যে অন্য কিছুতে সম্মত হয়, "BAF" ঋণগ্রহীতাকে ঋণ সুবিধা মঞ্জুর করবে এবং ঋণের অর্থ এককালীন হিসাবে অথবা সুবিধামত কিস্তিতে সরবরাহকারী/ডিলারকে অথবা পারস্পরিক সমঝোতা/ ব্যবস্থাপনা অনুযায়ী সরবরাহকারী/ডিলারের সাথে এবং ঋণগ্রহীতার পক্ষে প্রদান করবে/খালাস করবে, যা "BAF"-এর দ্বারা নির্ণীত হবে, এবং একটি রসিদ সংগ্রহ করবে এবং ঋণগ্রহীতার কাছে বাহনের বিলি করার সাথে সাথে এই ঋণ-তথা- দায়বন্ধক চুক্তি একই সময়ে সম্পন্ন হবে।

3.1 "BAF" তার নিজস্ব বিবেচনা অনুসারে ঋণ সুবিধা মঞ্জুর করার অধিকার বজায় রাখে এবং সাধারণতঃ এই ঋণের অধীনে কোন অর্থ খালাস করবে না যতক্ষণ না পর্যন্তঃ:-

অ. এই ঋণ-তথা-দায়বন্ধক চুক্তি যথাযথভাবে সম্পন্ন হয় এবং ঋণগ্রহীতার দ্বারা "BAF" -এর কাছে পেশ করা হয়ঃ

আ. ঋণগ্রহীতা "BAF" -এর কাছে পরিশোধের কিস্তি হিসাবে ভবিষ্যত্-তারিখের চেকগুলি জমা দেন

ই. অন্য যেকোন নথিপত্র অথবা লেখা যা "BAF" নিজস্ব বিবেচনা অনুসারে চাইতে পারে।

4. সুদ এবং ঋণ অ্যাকাউন্ট

4.1 এই চুক্তির সময়তালিকা অনুযায়ী ঋণগ্রহীতা ঋণের উপরে সুদপ্রদান করতে সম্মত হন।

4.2 ঋণ/আর্থিক সুবিধার উপরে সুদ চুক্তির তারিখ থেকে চুক্তির তারিখের সাথে একই সঙ্গে বাহনের বিলির সাথে সাথে পুঁজিত হতে শুরু করবে

4.3 ঋণের অর্থের উপরে সুদ মাসিক ভিত্তিতে অভ্যন্তরীণ ফেরতের হারের উপরে কষা হবে।

4.4 ঋণগ্রহীতা এককভাবে পরিষেবা মাশুল, প্রেসসিং ফি এবং অন্য যেকোন ফিস্, কর, মাশুল বা শুল্ক, তা সে যে নামেই ডাকা হোক না কেন এবং পরিষেবা কর সহ, যদি থাকে, তা সহ, এবং যেক্ষেত্রে তা "BAF" দ্বারা প্রদান করা হয়ে থাকে, ঋণগ্রহীতা তা পৃথকভাবে "BAF"-কে পরিশোধ করতে সম্মত থাকবেন

4.5 BAF এই চুক্তির অধীনে (এতে অর্ন্তভুক্ত কিন্তু সুদের উপর কর, ফিস্, মাশুল, স্ট্যাম্প ডিউটি, প্রসেসিং ফিস, লগিং ফি, খরচ পরিষেবা/এবং অন্যান্য মাশুল/খরচ যা প্রদত্ত ঋণ সুবিধা প্রদানের জন্য "BAF" দ্বারা ব্যয়িত হয়েছে, তাতে সীমিত নয়), তা ঋণগ্রহীতার ঋণ অ্যাকাউন্টে ধার্য্য করার/বিকলনের (ডেবিট) অধিকারী থাকবে, যদি না সেই অর্থ পৃথকভাবে পরিশোধ করা হয়ে থাকে/ঋণগ্রহীতার থেকে "BAF" দ্বারা অগ্রিম হিসাবে সংগৃহীত হয়েছে। এরকম পরিমাণ অর্থ ঋণের অংশ হিসাবে গণ্য হবে।

4.6 সময়মত পরিশোধে প্রদানে অক্ষমতার কারণে সমস্ত অর্থ (অর্থাত্ ঋণগ্রহীতার দ্বারা পরিশোধ করা হয় নি যখন "BAF"-এর কাছে প্রদেয় হয়) EMI এর বকেয়া সহ, মাশুল, ফিস্, ব্যয়, ইত্যাদি যা ঋণ অ্যাকাউন্টে ধার্য্য হয়েছে, তাতে বিচ্যুত সুদের হার/মাশুল হিসাবে ধরা হবে যেখানে এই প্রকারের সুদ এবং শাস্তিমূক্ত দণ্ড প্রদানের জন্য কোন কারণ দর্শাবার প্রয়োজন নেই।

5. পরিশোধ

5.1 ঋণের পরিশোধ (চুক্তির শর্তানুযায়ী ঋণগ্রহীতা দ্বারা "BAF"-কে প্রদেয় মূলধন, তার উপরে প্রদত্ত সুদ এবং অন্যান্য মাশুল, প্রিমিয়াম, ফিস্, কর, শুল্ক অথবা অন্যান্য পরিশোধীয় বকেয়া) ঋণগ্রহীতা দ্বারা প্রদান করতে হবে:-

অ. সমান পরিমাণে মাসিক কিস্তির দ্বারা (EMI) অর্থাত, ভবিষ্যত তারিখের চেকসমূহ/ECS, যেমনভাবে মূলধন এবং সুদের অর্থ পরিশোধের বিষয়ে সময়তালিকাতে উল্লেখিত আছে; এবং ঋণগ্রহীতা(গণ) ঋণ পরিশোধের জন্য ভবিষ্যত্ তারিখের চেকগুলি/ECS হুকুমনামা দিতে সম্মত হয়েছেন এবং এই বিষয়ের প্রতি পুরোপুরি জ্ঞাত আছেন যে চেকগুলি ECS হুকুমনামার অঙ্গীকৃতি আইনের ধারায় অপরাধযোগ্য দণ্ড বলে গণ্য করা হয়। ঋণগ্রহীতা(গণ) তার/তাদের ব্যাংক অ্যাকাউন্ট চালু রাখার অঙ্গীকার করছেন এবং এই ঋণ-তথা-দায়বন্ধক চুক্তি চলাকালীন ব্যাংক অ্যাকাউন্ট বন্ধ করবেন না;

আ. অঙ্গীকৃত চেকের পরিবর্তে নগদ অর্থ অথবা ECS হুকুমনামার অঙ্গীকৃতি বা অন্যথায় শাথায় বকেয়া বা প্রদেয় রয়েছে (অথবা অন্য যেকোন স্থানে যা "BAF")-এর দ্বারা বিজ্ঞাপিত হয়েছে

5.2 ঋণগ্রহীতা EMI এবং অন্যান্য মাশুল, খরচ, ফিস্, ব্যয়, ইত্যাদি পরিশোধ বজায় রাখতে সম্মত হয়েছেন, যা ঋণ অ্যাকাউন্টে ধার্য্য করা হয়েছে, যতক্ষণ না পর্যন্ত "BAF"-কে এই ঋণের অধীনে সমস্ত পরিমাণ অর্থ পুরোপুরি পরিশোধ করা হয়েছে।

5.3 পরিশোধ করার সূচি অনুযায়ী ঋণগ্রহীতাকে বাহন হস্তান্তর করার সাথে সাথেই এই পরিশোধ করা শুরু হয়ে যাবে। পরিশোধীয় প্রকল্পে/পরিশোধ সূচির কঠোরভাবে মান্যতা হল ঋণ সুবিধা মঞ্জুর করার এক অপরিহার্য শর্ত।

5.4 ঋণগ্রহীতাকে তার/তাদের নিয়মিতভাবে EMI পরিশোধ করার বিষয়ে প্রতি প্রদেয় তারিখে কোন বিজ্ঞপ্তি, অনুস্মারক বা জ্ঞাপন করা হবে না। "BAF"-কে সময়মত পরিশোধ নিশ্চিত করা পুরোপুরি তার দায়িত্বের মধ্যে পড়ে। কোন EMI পরিশোধে দেরি অথবা সময়ে পরিশোধ অক্ষমতার কারণে ঋণগ্রহীতা(গণ)-"BAF"-কে সময়ে পরিশোধীয় সুদের হারে (এই প্রকারের সময়ে অপরিশোধে অক্ষমতার সময়কালে) পরিশোধ করার জন্য দায়ী থাকবে যেরকমভাবে সময়তালিকাতে বর্ণিত রয়েছে, এছাড়াও সময়ে পরিশোধে অক্ষমতার এরকম কোন ঘটনার জন্য "BAF"-কে চুক্তির বিষয়ে সিদ্ধান্ত নেওয়া/বাতিল করার অধিকারও দেওয়া হয়েছে, যাতে এই চুক্তির অধীনে সমস্ত বকেয়া এবং পরিশোধীয় অর্থ অবিলম্বে "BAF"-কে পরিশোধ করতে হয়।

5.5 পরিশোধ শর্তাবলীর আগে থেকে পরিশোধগুলি তফসিলে বর্ণিত প্রাক-পরিশোধীয় মাশুল হিসাবে ধার্য্য করা হবে।

5.6 ঋণগ্রহীতা "BAF"-কে EMI পরিশোধ করতে থাকবেন তফসিলে যেমনভাব উল্লেখিত আছে সেগুলি যেমন "BAF"-এর কাছে বাকি এবং অনাদায়ী রয়েছে তা সেই উক্ত বাহনটি চালু অবস্থায় আছে কি না অথবা কোন মেরামতীর প্রয়োজন রয়েছে বা অন্যথা কোনভাবে ক্রিয়াশীল না থাকে তা নির্বিশেষে এবং "BAF" উক্ত বাহনের কোনপ্রকারের মেরামতী বা অ-কর্মক্ষমতার জন্য কোনভাবেই দায়ী বা দায়ভাগী হবেন না।

5.7 এছাড়াও, তফসিল অনুযায়ী কোন অবস্থাতেই বাহনের হানি, চুরি, বিনাশ বা ক্ষতির জন্য EMI পরিশোধ করা এড়ানোর কোন কারণ বা ভূমিকা হতে পারবে না, অথবা এখানে নিহিত শর্তানুযায়ী ঋণ পরিশোধ করা থেকে ঋণগ্রহীতার দায়দায়িত্বকে খর্ব করতে পারবে না অথবা এই চুক্তি বজায় রাখাকে প্রভাবিত করবে না। এতদসত্বেও এরকম সব পরিস্থিতি থাকা সত্বেও ঋণগ্রহীতা যথাসময়ে এবং নিয়মিতভাবে EMIগুলি পরিশোধ করতে সম্মত হয়েছেন।

5.8 উপরোক্ত ধারাগুলির অনুবর্তী হয়ে যদি PDC-কে প্রদত্ত যেকোন বা সব বন্টিত/ECSহুকুমনামা ঋণগ্রহীতা দ্বারা BAF-কে দেওয়া হয়:

অ) "BAF"-এর হেফাজতে হারিয়ে গেছে, নষ্ট হয়ে গেছে বা অন্য কোথাও রাখা হয়েছে,

আ) সাক্ষরকারীর বা যেকোন একজন বা তার বেশি সাক্ষরকারীর (যদি সেখানে একজনের বেশি থেকে থাকে অথবা) মৃত্যু, দেউলিয়া হওয়া, পাগলামি, কর্তৃত্বের অবসান অথবা অন্যভাবে বা ড্রয়ার ব্যাংকের ব্যবসা গুটিয়ে ফেলা বা দেনা স্থগিতকরণের কারণে নগদে না ভাঙ্গানো যায়।

তাহলে, সেই ক্ষেত্রে, ঋণগ্রহীতা (অথবা তার উত্তরাধিকারীগণ), ঋণগ্রহীতার আইনি প্রতিনিধি কয়েকটি নির্দিষ্ট প্রযোজ্য পরিণামের জন্য যা প্যারাগ্রাফে বিবৃত করা হয়েছে) BAF-এর কাছ থেকে এই প্রকারের ক্ষতি, বিনাশ অথবা অন্য কোথাও রাখার বিষয়ে (যেরকম প্রযোজ্য হতে পারে) অবগতির সংবাদ প্রাপ্তিতে অথবা উপরোক্ত চেকগুলি নগদে না ভাঙ্গাতে পারার কারণে, BAF-কে সেই পরিমাণ চেকগুলি যথেষ্ট পরিমাণে হস্তান্তর করবে যেগুলি হারিয়ে গিয়েছে, নষ্ট হয়ে গিয়েছে বা অন্য স্থানে রাখা হয়েছে বা নগদে ভাঙ্গানোর অযোগ্য হয়ে গিয়েছে, তার পরিবর্তে অথবা যা ঋণের পরিশোধের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য BAF-এর দ্বারা গ্রহণযোগ্য এবং অনুমোদিত হয়ে থাকে।

ই) ঋণগ্রহীতা এতে সম্মত হয়েছেন এবং বুঝেছেন যে যে কোন কারণের জন্য চেকগুলিকে উপস্থাপিত না করা হলে বা BAF-এর দ্বারা ECS হুকুমনামা কার্যকর না করা হলে BAF-কে ঋণ পরিশোধ করার ক্ষেত্রে ঋণগ্রহীতার দায়দায়িত্বকে প্রভাবিত করবে না। কোন ক্ষেত্রেই BAF নগদে ভাঙ্গানোয় দেরি, ভ্রান্তি বা অবহেলার জন্য দায়ী থাকবে না। ঋণগ্রহীতা সবসময় তার/তাদের অ্যাকাউন্টে যথেষ্ট পরিমাণে অর্থ জমা করা বজায় রাখবেন যাতে সমস্ত চেক যেগুলি যেকোন সময়ে বকেয়া হয় এবং পরিশোধীয় হলে পড়ে তা ভাঙ্গানো যায়।

ঈ) এটিতে আরো সম্মত হওয়া গেছে যে যদি ঋণগ্রহীতা(গণ) দ্বারা ইস্যু করা কোন চেক অঙ্গীকৃত হয় এবং সেটি আবার উপস্থাপিত হয় এবং ভাঙ্গানো হয়, কিন্তু যদি ইতিমধ্যে অঙ্গীকৃত চেকের পরিবর্তে নগদে অর্থ জমা দেওয়া হয়, এই উক্ত দুবার করে অর্থ পরিশোধের ফলে "BAF" কোন পরিণতির জন্য দায়ী হবে না। যদিও, অতিরিক্ত সেমেন্ট ফেরত দেওয়া হবে বা পক্ষদ্বয়ের মধ্যে পারস্পরিক বোঝাপড়ার ভিত্তিতে অ্যাডজাস্ট করা হবে।

বুসান অটো ফাইনান্স ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড (Bussan Auto Finance India Private Limited) এর পক্ষে

☞ ঋণগ্রহীতা | ✗ সহ-ঋণগ্রহীতা | ✓ জামিনদার

অনুমোদিত স্বাক্ষরকারী

✓ জামিনদার ✗ সহ-ঋণগ্রহীতা ☞ ঋণগ্রহীতা

উ) কোন চেকের ক্ষতি বা হানি (এখানে উল্লেখিত শর্তানুযায়ী ঋণগ্রহীতা দ্বারা "BAF"-কে ইতিমধ্যেই প্রদত্ত) তা সে যেকোন কারণেই হোক না কেন অথবা দেরী, ইত্যাদির জন্য যেকোন প্রকারে যার অর্থ হল "BAF"-এর অধিকারগুলির কোন কিছুকে পরিত্যাগ করা তা সে যেভাবেই হোক।

6. জামিন এবং দায়বদ্ধক

6.1 BAF দ্বারা প্রদত্ত ঋণ সুবিধা বিবেচনায়, ঋণগ্রহীতা এতদ্বারা "BAF"-এর পক্ষে বাহনটি, যে বিষয়ে আরো বিশদভাবে এই চুক্তির সময়তালিকাতে বর্ণিত হয়েছে, ঋণ, সুদ এবং অন্যান্য অর্থ পরিশোধের জন্য দায়বদ্ধক দেন এবং অধিকার প্রদান করেন, যা "BAF"-এর কাছে বকেয়া এবং পরিশোধীয় থাকে

6.2 ঋণগ্রহীতা(গণ) সংশ্লিষ্ট রোড ট্রান্সপোর্ট অফিস থেকে "BAF"-এর পক্ষে রেজিস্ট্রেশন সার্টিফিকেট বইয়ে দায়বদ্ধকের অনুমোদন পেতে অঙ্গীকার করছেন।

6.3 বাহনের দায়বদ্ধক "BAF"-এর বকেয়া অর্থের বিনিময়ে প্রথম এবং একাত্তভাবে অর্পিত থাকবে। এই চুক্তিতে স্বাক্ষর করার পর থেকে অথবা বাহনের বিলি হবার পর থেকে, যেমন প্রযোজ্য হয়, যা আগে ঘটবে, রেজিস্ট্রেশন সার্টিফিকেটে দায়বদ্ধকের অনুমোদনের তারিখ নির্বিশেষে, দায়বদ্ধক লাগু হয়েছে বলে গণ্য করা হবে।

6.4 যথাযথ অনুমোদিত R.C. বইয়ের (দায়বদ্ধকের অনুমোদনসহ) বিলি করার জন্য "BAF" দায়ী থাকবে না) এবং ঋণগ্রহীতাগণ নির্ধারিত EMI পরিশোধের অর্থ আটকিয়ে রাখবেন না এই অজুহাতে যে R.C. বই বিলি করা হয় নি এবং এক্ষেত্রে সেই কাজটি করিয়ে নেবার দায়িত্ব কেবলমাত্র ঋণগ্রহীতাদের উপর বর্তাবে।
তবে, ঋণগ্রহীতা(গণ) এতদদ্বারা সম্মত হয়েছেন যে যদি তার/তাদের দায়বদ্ধক অনুমোদনে ব্যর্থতার ক্ষেত্রে, "BAF"-এর রেজিস্ট্রেশন অফিসে আঞ্চলিক ট্রান্সপোর্ট অফিসার, সেলস/VAT ট্যাক্স অফিসার এবং অন্যান্য কর্তৃপক্ষগণের কাছে উপস্থিত হয়ে তাদের অনুমোদিত ব্যক্তি বা প্রতিনিধির দ্বারা, "BAF"-এর দ্বারা যেমন প্রয়োজন হবে, রেজিস্ট্রেশন সার্টিফিকেটে দায়বদ্ধকের অনুমোদন কার্যকর করার জন্য এবং যখন প্রয়োজন হবে বাহন হস্তান্তর করার অধিকার এবং কর্তৃত্ব থাকবে (যা বাধ্যবাধ্যকতা থেকে পৃথক হবে)।

6.5 ঋণগ্রহীতা(গণ) সমস্ত দাবি এবং আর্থিক দায়ের পরিবর্তে "BAF"-কে ক্ষতিপূরণ দেবার অঙ্গীকার করছেন যা বাহনের ব্যবহার/অপব্যবহারের কারণে ঘটতে পারে এবং/অথবা বা যেকোন কারণের জন্য, যাই কিছু বকেয়া বা পরিশোধীয় হোক না কেন।

6.6 ঋণগ্রহীতা ঋণ সুবিধার জন্য যেকোন বও(গুলি), প্রমিসারি নোট(গুলি) বা এরকম সব নথিপত্র, পাওয়ার অফ অ্যাটর্নী(গণ)/অঙ্গীকার এবং চুক্তিসমূহ সম্পাদন করবেন, যা এই ঋণ বাকি থাকাকালীন "BAF"-এর যেকোন সময় প্রয়োজন হতে পারে যাতে মঞ্জুরীকৃত ঋণ সুবিধার পরিশোধ নিশ্চিত করা যায়।

7. ঋণগ্রহীতার নিবেদন, নির্ভরপত্র, চুক্তিপত্র এবং অঙ্গীকারসমূহ

7.1 ঋণগ্রহীতাকে ঋণ সুবিধা মঞ্জুরের জন্য "BAF"-কে রাজি করানোর উদ্দেশ্যে, ঋণগ্রহীতা এতদদ্বারা "BAF"-এর নিকটে বিবৃত করছেন/নির্ভরতা দিচ্ছেন/চুক্তিপত্র করছেন/অঙ্গীকার করছেন যে তিনি-

(অ) নিজের বিষয়ে সম্পূর্ণ এবং যথার্থ তথ্য এবং বিশদ তথ্য "BAF"-এর কাছে পেশ করেছেন এবং কোন গুরুত্বপূর্ণ তথ্য বাদ দেওয়া হয় নি/লুকানো হয় নি;

(আ) ঋণগ্রহীতা(গণ) "BAF"-কে বাহনটিকে প্রদানের বিষয়ে যেকোন দায়দায়িত্ব থেকে অব্যাহতি দেন; বাহনের যেকোন ত্রুটি এবং বিলি করার আগে বাহনের অবস্থা যাচাই করা ঋণগ্রহীতার নিজস্ব দায়িত্ব হবে এবং ঋণগ্রহীতা নির্ধারিত EMI পরিশোধ এবং অন্যান্য খরচ, মাশুল, ফিস্, ব্যয়, ইত্যাদি, যদি কিছু থাকে, আটকিয়ে রাখবেন না এই অজুহাতে যে বাহনটি প্রদান করা হয় নি অথবা সেটি প্রকৃত অবস্থায় প্রদান করা হয় নি;

(ই) যাইহোক, গাড়ীর সরবরাহ হোক বা নাই হোক, যদি তা নিয়ে ঋণগ্রহীতা/গ্যারান্টারকে কোন জাল বা প্রতারণা করতে দেখা যায়, তাহলে যিনি ধার করেছেন তাঁকে আদতে গাড়ীটি সরবরাহ করা হয়েছে এই মর্মে ঋণগ্রহীতা এবং গ্যারান্টার দুজনেই দায়ী থাকবেন।

(ঈ) "BAF"-এর অনুকূলে চূড়ান্ত ইনভয়েসের পূর্বস্বত্বটি যথাযথভাবে নির্দেশ করতে হবে এবং মোটর ভেহিকলস অ্যাক্ট, 1988-এর অধীনে যথাযথ নিবন্ধীকরণ কর্তৃপক্ষের কাছ থেকে গাড়ীটি নিবন্ধীকৃত করাতে হবে। তারপর, নিবন্ধীকরণের নথিতে "BAF"-এর পূর্বস্বত্বের অনুমোদন নিশ্চিত করে নিবন্ধীকরণ সার্টিফিকেটের নথিগুলির অনুলিপিগুলি "BAF"-কে জমা দিতে হবে। নতুন নিবন্ধীকরণ করানোর দরকার হলে, ঋণগ্রহীতা দায়িত্ব নেবেন যে যাতে "BAF"-এর কাছে বন্ধক থাকার প্রমাণ প্রতিষ্ঠা করতে সেগুলিকেও একইভাবে অনুমোদন করানো হয়;

(ঈ) "BAF"-কে না জানিয়ে এবং তাদের কাছ থেকে নো অবজেকশন সার্টিফিকেট না নিয়ে গাড়ীটির জন্য নিবন্ধীকরণ সার্টিফিকেটের কোন প্রতিলিপি পেতে আবেদন করা যাবে না এবং নকল নিবন্ধীকরণ সার্টিফিকেটে পূর্বস্বত্ব নির্দেশিত করানোর ব্যাপারও খেয়াল রাখতে হবে;

(উ) "BAF"-এর কাছ থেকে অগ্রিম লিখিত সম্মতি না নিয়ে চুক্তিটির মেয়াদ চলাকালীন গাড়ীটির সিকিউরিটির উপরে কোন অতিরিক্ত ঋণ বা সুবিধা গ্রহণ বা লাভ করা যাবে না বা গাড়ীটির উপরে কোনভাবেই ঋণের বোঝা চাপানো যাবে না;

(ঊ) মোটর ভেহিকলস অ্যাক্ট, 1988 ও ভারতীয় আইনে প্রয়োজনীয় বন্ধকী গাড়ী এবং এই চুক্তিসহ, প্রতিটি সমগোত্রীয় নথি এবং এই চুক্তির অধীনে প্রয়োজনীয় দায়বদ্ধতাগুলি সংক্রান্ত সব ক্ষমতাপ্রদান, সম্মতি, অনুমতি, বীমা, লাইসেন্স, অনুমোদন এবং পুনর্নবীকরণ লাভ করতে হবে এবং সেগুলি পূর্ণ বলে ও প্রভাবে রক্ষা করতে যা করণীয় তাই করতে হবে;

(ঋ) তৃতীয় পক্ষের বীমাসহ এই চুক্তির শর্তাবলী মেনে গাড়ীটিকে সর্বাঙ্গীণভাবে সব ক্ষয়ক্ষতির হাত থেকে বীমা করিয়ে রাখবেন, যে ক্ষয়ক্ষতিগুলির মধ্যে দুর্ঘটনা, অগ্নিকান্ড, দাঙ্গা, ভূমিকম্প, নাগরিক আন্দোলন, চুরি এবং বীমার অধীনে সাধারণতঃ নিরাপদ অন্যান্য সব ঝুঁকি অন্তর্ভুক্ত থাকবে যেহেতু "BAF"-র পক্ষ থেকে হয়তো উল্লিখিত গাড়ীটিকে বহিষ্করণ বা বাহুল্যবর্জিত বা বিধিনিষেধমুক্ত "BAF" কর্তৃক অনুমোদিত একটি সর্বাঙ্গীণ বীমা পলিসির অধীনে বীমা করানোর দরকার হতে পারে (সেহেতু সম্পূর্ণ প্রতিস্থাপন মূল্য)এবং "BAF"-কেই একমাত্র স্বত্বভোগী হিসাবে গণ্য করা হবে ও বজায় রাখা হবে। উল্লিখিত বীমা পলিসিটি ঋণগ্রহীতার নামে বের করা হবে যাতে "BAF"-র দাবী নথিভুক্ত করে একটি অনুমোদন থাকবে এবং ঋণগ্রহীতা অবশ্যই আগের মেয়াদের জন্য বীমা পলিসির মেয়াদ শেষের 7 দিনের মধ্যে বীমা পুনর্নবীকরণের ব্যাপারটি "BAF"-কে জানাবেন। যাইহোক, সেটি কিন্তু এই চুক্তির অধীনে "BAF"-র অধিকার ও স্বত্বগুলিকে প্রভাবিত করবে বলে ব্যাখ্যা করা যাবে না, না তো সেটি "BAF"-কে "BAF"-এর কোন দায়বদ্ধতা/অক্ষমতার শর্তাধীন করবে, যদি গাড়ীটি বীমাকৃত না হয়, তাহলে সেটির দায়বদ্ধতা ঋণগ্রহীতাই চালিয়ে নিয়ে যাবেন;

(ঌ) এছাড়াও তিনি ঋণ গ্রহণ করার সময় থেকে ঋণের সুবিধা পাওয়ার মেয়াদের বছরগুলি ধরে "BAF"-এর কাছে বীমা পলিসির/নতুন করা পলিসির একটি প্রতিলিপি জমা রাখবেন এবং উল্লিখিত পলিসির অধীনে থাকা প্রিমিয়ারগুলি সময়মত ও বকেয়া হলে মেটাবেন এবং বীমা পলিসিটিকে ঝুটঝামেলামুক্ত ও কার্যকর করে রাখতে যা করণীয় তাই করবেন, এবং পলিসিটি লম্বিত হতে পারে বা হওয়ার সম্ভাবনা আছে এমন কোন কাজ থেকে বিরত থাকবেন;

(এ) যখন এই কাজটি করায় ঋণগ্রহীতাই অক্ষম হন তখন "BAF" স্বীয় বিবেচনায় (যদিও করতে বাধ্য নয়) উল্লিখিত গাড়ীটির বীমা করাতে পারে এবং এটির গ্রহণ করা অন্যান্য পদক্ষেপে পক্ষপাতদুষ্ট না হয়েই ঋণগ্রহীতার কাছ থেকে অবিলম্বে সেটির খরচাও তুলতে পারে;

(ঐ) যে কোন ঘটনায় বীমার দাবী হাতে এলে, তা প্রথমে "BAF"-র সাথে থাকা ঋণগ্রহীতার ঋণ অ্যাকাউন্ট মেটানোয় যাবে এবং শুধু অবশিষ্ট টাকা, যদি আদৌ থাকে, তাহলে তা ঋণগ্রহীতাকে ফেরত দেওয়া হবে; যদি বীমার বন্দোবস্তের নগদ টাকা "BAF"-র কাছে বাকি থাকা টাকার অঙ্কের কম হয়, তাহলে ঋণগ্রহীতা অবিলম্বে এই ঘাটতি টাকাটি "BAF"-কে দিয়ে দেবে;

(ও) ঋণগ্রহীতার কাছে থাকার সময় উল্লিখিত গাড়ীটির মালিকানা বা ব্যবহার সংক্রান্ত কোন দুর্ঘটনা ইত্যাদির কারণে কোন তৃতীয় পক্ষের দাবীর অধীনে ওঠা যে কোন দায়বদ্ধতা থেকে আসা অতিরিক্ত ব্যাপার থেকে BAF-কে মুক্ত রাখতে হবে এবং উল্লিখিত গাড়ীটির সাথে BAF-র কোন সম্পর্ক উল্লিখিত গাড়ীটির বিরুদ্ধে থাকা এটির বকেয়া পুনরুদ্ধারের জন্য বন্ধকের সীমা পর্যন্তই সীমিত থাকবে, তার বেশি কিছু হবে না।

(ঔ) অপ্রত্যাশিত বলপূর্বক কোন ঘটনায় বা কোন প্রাকৃতিক বিপর্যয়ে গাড়ীটির কোন ক্ষয় বা ক্ষতি হলে সত্বর "BAF" –কে জানাবেন;

(ক) এই চুক্তির অধীনে থাকা দেয় এবং বাকি থাকা অন্য সব টাকার অঙ্ক, ঋণ সুবিধা, সুদ মেটাতে এবং শর্তাবলী মেনে চলতে যৌথভাবে(একাধিক ঋণগ্রহীতার ক্ষেত্রে)) এবং পৃথকভাবে দায়বদ্ধ থাকবেন;

(খ) এই চুক্তির মেয়াদ চলাকালীন গাড়ীটিকে কার্যকর ও পরিষেবাযোগ্য/বাসযোগ্য অবস্থায় রাখবেন;এটির মসৃণ কার্যকারিতার জন্য প্রয়োজন হতে পারে এমন যে কোন মেরামতি করাবেন এবং এটির অবস্থা খারাপ হতে বা কোন বিধ্বংসী কাজ করতে দেবেন না যা গাড়ীটিকে অব্যবহারযোগ্য বা "BAF"-এর অনুকূলে থাকা সিকিউরিটিটিকে অসর্মাপ্ত করে তোলে;

(গ) গাড়ীটি নিয়ে থাকা সব দর, কর, শুল্ক, ফী, ব্যয়ের টাকা দেবেন এবং সেগুলি থেকে গাড়ীটিকে মুক্ত করবেন;

(ঘ) এই চুক্তির মেয়াদ চলাকালীন গাড়ীটি বা তার কোন অংশ বিশেষের দখল হারাবেন না বা সেগুলি নিয়ে তৃতীয় পক্ষের অধিকার এবং/আগ্রহ তৈরী করবেন না (তা সে বিক্রী, বিনিময়, লীজ, বন্ধক, সম্মতি বা বিকল্প বা অন্য যা কিছুর মাধ্যমেই হোক না কেন);

(ঙ) তাঁর বাসস্থানের ঠিকানায় বা কর্মসংস্থানে বা যেখানে গাড়ীটিকে সাধারণতঃ রাখা হয় (অচল হলে) সেখানে কোন পরিবর্তন এলে তা এইরকম পরিবর্তন হওয়ার 10দিনের মধ্যে রেজিস্টার্ড AD পোস্টে "BAF"-কে জানাতে দায়বদ্ধ থাকবেন;

(চ) কর্মসংস্থান, ডাক আসা/ব্যবসা বা দীর্ঘকাল বাসের জন্য ভারত ছাড়ার আগে প্রথমে প্রিপেমেন্টের মাশুলসহ ঋণ, বকেয়া/পূর্বনির্ধারিত EMI, খরচা, ব্যয়, মাশুল মেটাবেন;

(ছ) যে ধরনেরই হোক না কেন কোন মামলা মোকদ্দমা, কাজ বা দাবী মুলতুবি, দাখিল করা সম্ভব বা গৃহীত অবস্থায় থাকা চলবে না (তা সে দেওয়ানি বা অপরাধমূলক বা অন্যকিছু যাই হোক না কেন)

(জ) চুক্তিটির সব শর্তাবলী এবং অন্যান্য ঋণ সংক্রান্ত নথি মেনে চলবেন এবং এই শর্তাবলী, এই ঋণ সংক্রান্ত চুক্তিপত্রের বিষয়ে সময়ে সময়ে কার্যকর জিনিসগুলির ব্যাপারে সচেতন থাকবেন,

(ঝ) তিনি সম্মত হচ্ছেন এবং দায়িত্ব নিচ্ছেন যে তিনি এমন কোন কাজ করবেন না বা কাজ করার অনুমতি দেবেন না যার দ্বারা উল্লিখিত গাড়ীটির নিবন্ধীকরণ স্থগিত বা বাতিল করা হয়।

(ঞ) এমন কোন কাজ করবেন না বা কাজের কারণে পরিণত হবেন না যার ফলস্বরূপ হয়তো গাড়ীটিকে আইনি কর্তৃপক্ষের দ্বারা বাজেয়াপ্ত বা আটক করা হতে পারে।

(ট) গাড়ীটি যদি কোন ক্ষেত্রে দুর্ঘটনা, চুরি বা অন্য কিছুর কবলে পড়ে ক্ষয়ক্ষতির সামনা করে, তাহলে অবিলম্বে বীমা কোম্পানিকে জানান এবং গাড়ীটির পূর্ণ বিমাযোগ্য দাম নিরাপদ করতে গাড়ীটির মেরামতি বা পুনরুদ্ধারের জন্য সব পদক্ষেপ নিন এবং "BAF"-কেও এরকম দুর্ঘটনার বিষয়ে জানিয়ে রাখুন। এছাড়াও বীমা কোম্পানির থেকে দাবী করার জন্য আইনি যা যা পদক্ষেপ ও আনুষ্ঠানিকতা করা দরকার তা সম্পূর্ণ করে রাখুন ও গাড়ীটির নিরাপত্তা যেন কোনভাবেই বিপন্ন না হয় তা নিশ্চিত করুন।

7.2 ঋণগ্রহীতা প্রতিশ্রুতি দিচ্ছেন যে তিনি সর্বক্ষণ "BAF" -কে দেওয়ার পোস্ট-ডেটেড চেক মেটানোর/পেমেন্ট করার জন্য বা "BAF"-এর অনুকূলে ECS নির্দেশ মালার জন্য ড়য়ার ব্যাঙ্কে পর্যাপ্ত ব্যালেন্স রাখবেন। সেই টাকার অঙ্ক বা গণনা করা সুদ নিয়ে সংঘাত উঠলে তা ঋণগ্রহীতাকে কোন EMI-এর টাকা ধরে রাখার বলে বলীয়ান করে না।

7.3 যদি কোন চেক বা ECS আদেশদান না মানা হয়, তাহলে ঋণগ্রহীতার উপর তহসিলে উল্লিখিত অসম্মানের মাশুল ধরা হবে/সেটি ঋণগ্রহীতার অ্যাকাউন্ট থেকে কেটে নেওয়া হবে ও সেটি BAF-র নেগোশিয়েবল ইনস্ট্রুমেন্টস অ্যাক্ট, 1881-র S. 138-142-র অধীনে অগ্রসর হওয়ার অধিকারের প্রতি কোন পক্ষপাত না করেই পাশাপাশি থাকবে, যেরকমটা সাম্প্রতিক বা পেমেন্ট অ্যান্ড সেটলমেন্ট সিস্টেমস অ্যাক্ট 2007-এর বন্দোবস্তেও সংশোধন করা হয়েছে।
ঋণের সুবিধা সংক্রান্ত "BAF" যা যা করবে:

8. "BAF"-এর অধিকারগুলি:

ঋণের সুবিধা সংক্রান্ত "BAF" যা যা করবে:

অ. বকেয়া টাকার অঙ্ক এবং/বা এই চুক্তির অধীনে ঋণগ্রহীতার দেয় টাকার অঙ্কের প্রতি গাড়ীটির বীমার একজন স্বত্বনিয়োগী হিসাবে এটির পাওয়া যে কোন পেমেন্ট/গুলি গ্রহণ করার এবং সংশোধন করার অধিকার আছে;

আ. গাড়ীটি পরিদর্শন করা, এটির অবস্থা পরীক্ষা করার অধিকার আছে এবং ঋণগ্রহীতা(রা) "BAF"-আধিকারিকদের ও প্রতিনিধিদেরকে সমস্ত যুক্তিসঙ্গত সময়েই গাড়ীর অবস্থা ও পরিস্থিতি ও সংলগ্ন বীমা পলিসিসহ গাড়ির অন্যান্য নথি পরিদর্শন ও পরীক্ষা করতে দেবেন এবং/অথবা ঋণগ্রহীতার খরচে BAF-কে সেই নথিগুলি পরীক্ষা করার জন্য এগিয়ে দেবেন যার এই পরিদর্শন, পরীক্ষা ও পুনর্পক্রিয়াকরণের উদ্দেশ্যে (এই চুক্তির শর্তাবলী লঙ্ঘনের ক্ষেত্রে) যে প্রাঙ্গণে গাড়ীটি উল্লিখিত উদ্দেশ্যে রাখা হয়েছে সেই প্রাঙ্গণে ঢোকার অবাধ প্রবেশাধিকার থাকবে;

ই. "BAF"-এর অন্যান্য অধিকার নিয়ে পক্ষপাতদুষ্ট না হয়েই, পেমেন্ট করা বা "BAF"-এর কাছে বন্ধকী গাড়ীর মত "BAF"-র সিকিউরিটির চেতনাসহ ঋণচুক্তির শর্তাবলী উল্লঙ্ঘনের ঘটনায়, "BAF" ঝুঁকিগ্রস্ত হয়ে বকেয়া ঋণের পরিমাণ মেটানোর জন্য নিজে বা এদের এজেন্টদের দ্বারা গাড়ীটি বাস্তবে দখল করার এবং এটি বিক্রী করার বা অন্য কোন উপায় সাধন করার অধিকার রাখে। "BAF"-এর কাছে যে কোন বকেয়া টাকা মেটাতে ঋণগ্রহীতা দায়বদ্ধ। এই অনুবিধির কোন কিছুই BAF কে গাড়ী বিক্রির জন্য বাধ্য করতে পারবেনা এবং এই ধরণের নিরাপত্তায় স্বতন্ত্রভাবে গ্রহীতা এবং জামিনদারের বিরুদ্ধে BAF এগিয়ে যাওয়ার জন্য অধিকারী হবে;

ঈ. যেকোন ফর্ম, সার্টিফিকেট রেজিস্ট্রেশন বই, বীমা পলিসি বা নথিকরণ কর্তৃপক্ষ, বিমা সংস্থা, উক্ত গাড়ির প্রস্তুতকারক বা তার ডিলার/বিক্রেতার থেকে পাওয়া অন্যান্য নথি অর্জন করার, গ্রহণ করার, দাবি করার বা সংগ্রহ করার অধিকার পায়;

উ. গ্রহীতা, তার অ্যাকাউন্ট, "BAF"-এর সাথে তার সম্পর্ক এবং/অথবা তার দ্বারা হেড অফিসে, অন্য শাখা অফিসে, সংশ্লিষ্ট সত্তায়, ভারতীয় রিসার্ভ ব্যাঙ্কে, যেকোন বিচ্যুত এজেন্সিতে ঘটা (তা গ্রহীতা স্বয়ং সেই তথ্য দিতে পারে বা "BAF" নিজে সংগ্রহ করতে পারে এবং তা পুনরায় পেমেন্ট, রেটিং বা বিচ্যুতি যেকোন রূপে থাকতে পারে) কোন বিচ্যুতি প্রকাশ করার অধিকারী, এছাড়াও আদালত বা সংবিধিবদ্ধ সংস্থার নির্দেশের অধীনে এবং তৃতীয় কোন পক্ষ "BAF" হিসাবে এটির একচ্ছত্র এবং অনন্য বিচক্ষণতা ঠিক এবং যথার্থ আছে বলে মনে করা হয়। লোনের সুযোগের সাথে এবং/অথবা গ্রহীতা থেকে যেকোন তৃতীয় পক্ষের যোগাযোগ ঠিক থাকলে তাই সেই সম্পর্কিত যেকোন তথ্য "BAF" এর চাওয়ার এবং গ্রহণ করার অধিকার আছে

ঊ. প্রকাশন ধারা: গ্রহীতা স্বীকার করে, দায়িত্ব গ্রহণ করে এবং নিশ্চিত করে যে গ্রহীতার অতীত এবং বর্তমানের ঋণ এবং পুনরায় পেমেন্ট প্যাটার্ন সম্পর্কে তথ্য সংগ্রহের জন্য BAF হয়তো ক্রেডিট ব্যুরো পরিষেবায় যুক্ত অন্য ব্যাঙ্ক/আর্থিক সংস্থার সাথে যোগাযোগ করবে যাতে গ্রহীতার ধারের যোগ্যতা এবং অন্যান্য তথ্য সম্পর্কে নিশ্চিত হওয়া যায়; এবং এক্ষেত্রে BAF অন্য আর্থিক সংস্থা বা অন্য কোন এজেন্সির সাথে যেকোন বা সমস্ত আর্থিক তথ্য ভাগ করার জন্য মুক্ত। গ্রহীতা ব্যাঙ্ক/আর্থিক সংস্থা/ক্রেডিট ব্যুরো/অন্যান্য এজেন্সি দ্বারা দেওয়া এইধরণের তথ্য ব্যবহারের জন্য BAFকে দায়বদ্ধ এবং কৈফিয়ত দিতে বাধ্য করতে পারবেনা।

9. অ) বিচ্যুতির ঘটনা।

"BAF" কোন লিখিত বিজ্ঞপ্তির মাধ্যমে গ্রহীতাকে লোনের অধীনে (আসল, সুদ, চার্জ, খরচ সমেত) সমস্ত অনাদায়ী ক্ষেত্রের যোগফল প্রকাশ করতে পারে যাতে যেকোন সম্মত ম্যাচুইরিটি নির্বিশেষে তা বাকি এবং প্রদেয় হয়ে ওঠে এবং নিম্নলিখিত যেকোন ঘটনা ("BAF"-এর একচ্ছত্র সিদ্ধান্ত) ঘটার ওপর প্রয়োগ করা নিরাপত্তা লোনের সেটেলমেন্টের জন্য "BAF"-এর পক্ষে তৈরি হয়;

বুসান অটো ফাইনান্স ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড (Bussan Auto Finance India Private Limited) এর পক্ষে

☞ ঋণগ্রহীতা | ✗ সহ-ঋণগ্রহীতা | ✓ জামিনদার

অনুমোদিত স্বাক্ষরকারী

(অ) গ্রহীতা লোন বা কোনরকম ফি, চার্জ, বিষয়বস্তুর মধ্যে থাকা কোন মূল্য এবং কোন EMI বা তার কোন অংশ বা এর অধীনে থাকা কোন বাকি থাকা অর্থ দিতে ব্যর্থ হলে।
(আ) নির্দেশিত ফর্মে গাড়ি সম্পর্কিত নির্দিষ্ট বিবরণ দিতে ব্যর্থ হলে; বা
(ই) গ্রহীতা BAFকে রেজিস্ট্রেশান সার্টিফিকেটের একটি অনুলিপি পাঠাতে ব্যর্থ হলে;
(ঈ) এই চুক্তির পরে ন্যায্য 30 দিনের মধ্যে গাড়ির আরসি বইয়ে কার্যকর দায়বন্ধনের সমর্থন (BAF-এর পক্ষে) পেতে গ্রহীতা ব্যর্থ হলে;
(উ) গ্রহীতার দ্বারা BAF-এর কাছে ডেলিভার করা বা ভবিষ্যতে ডেলিভার হবে এমন কোন PDC, এক্ষেত্রে প্রযোজ্য শর্তাবলী হল যে কোন কারণ বশত ব্যাঙ্কার ফেরতের অর্থ অদেয় রাখে এক্ষেত্রে কারণ হতে পারে গ্রহীতা পেমেন্ট বন্ধ করার নির্দেশ দিয়েছে বা ECS নির্দেশিকা মেনে চলা হয়নি ;
(ঊ) কোন কারণে গাড়ি চুরি হয়ে গেলে বা খুঁজে পাওয়া না গেলে তার কারণ যাই হোক না কেন তা BAF-এর মতে সম্পূর্ণ ক্ষতি;
(ঋ) গ্রহীতা সময়ের মধ্যে বিমা পলিসি রিনিউ করাতে, বন্ধক দেওয়া গাড়ির জন্য BAF-এর কাছে রিনিউয়ের কপি জমা করাতে ব্যর্থ হলে সেই শর্ত সাপেক্ষে;
(৯) PDC অগ্রীকার করার জন্য ব্যাঙ্ক চার্জ দিতে ব্যর্থ হলে সেই শর্ত সাপেক্ষে;
(এ) যদি এমন কোনো পরিস্থিতির সৃষ্টি হয় যার ফলে এই চুক্তি অনুযায়ী BAF এর মনে হওয়ার ন্যায্য কারণ আছে যে বন্ধকী গাড়ীটির অস্তিত্ব বিপন্ন বা গাড়ীটির ক্ষতি হওয়ার বা BAF এর স্বার্থ বিপন্ন হওয়ার সম্ভাবনা আছে।
(ঐ) গ্রহীতা এই চুক্তির অধীনে থাকা কোন দায়িত্ব পালন করতে চ্যুত হলে বা এই চুক্তির বা "BAF"-এর পক্ষে থাকা অন্য কোন নিরাপত্তার নথি বা কর্মতারপ্রাপ্ত কোন শর্ত লঙ্ঘন করলে;
(ও) যদি গ্রহীতা "BAF"কে দায়বন্ধন পরখ করার, কোন পরিবর্তন করার অভিপ্রায় সম্পর্কিত অগ্রিম লিখিত অনুমতি না দেয়, তাহলে ব্যক্ত প্রদেয়র পুনরায় পেমেন্টের জন্য সিকিউরিটি হিসাবে থাকা গ্রহীতার গাড়ির ওপরের কোন দায় "BAF"-এর কাছে গ্রহীতার অন্য কোন দায়কে নিরাপদ করার জন্য গৃহীত হবে;
(ঔ) ব্যবসায় ব্যর্থতা, পরিশোধ/বিলুপ্তিতে যাওয়া, সংযোজন বা পুনর্গঠন "BAF"-এর অগ্রিম লিখিত অনুমোদনের সাথে গ্রহণ করা হয়, ঋণদাতাদের সুবিধার জন্য সাধারণ অ্যাসাইনমেন্ট, যদি গ্রহীতা কোন ঋণদাতার পেমেন্ট বাতিল করে বা তা করবে বলে হুমকি দেয়, তাহলে গ্রহীতার বিরুদ্ধে গুটিয়ে নেওয়ার দরখাস্ত করা হয়
(ক) গ্রহীতার প্রতিনিধিত্ব করে, ওয়ারেন্টি দেয় এমন কোন প্রদত্ত তথ্য এখানে বেঠিক বা অসত্য প্রমাণিত হলে বা উপাদানের বিষয়বস্তুকে আড়াল করা হলে;
(খ) যদি কোন গ্রাহককে গ্রহীতার সম্পত্তি/সম্পদের সমগ্র অংশে বা কোন বিশেষ অংশে নিয়োগ করা হয় বা গ্রহীতার বিরুদ্ধে কোন আনুষঙ্গী, যন্ত্রণা, এক্সিকিউশান বা অন্যান্য প্রক্রিয়ার অভিযোগ থাকে বা নিরাপত্তার এই ক্ষেত্রগুলির কোন একটি প্রয়োগ করে থাকে বা প্রয়োগ করেছে বলে আরোপ করা হয়;
(গ) গ্রহীতার বিরুদ্ধে যন্ত্রণা দেওয়া, এক্সিকিউশান বা অন্য কোন প্রক্রিয়ায় প্রয়োগ করে বা তা করেছে বলে আরোপ থাকে;
(ঘ) BAF ছাড়া অন্য কোনো ব্যক্তি ঋণগ্রহীতাকে দেউলিয়া ঘোষণা করার জন্য কার্যধারা শুরু করে বা ঋণগ্রহীতার খাত যদি দেউলিয়া বা নিঃস্ব হয়ে যায় বা দেউলিয়া হিসাবে আত্মসমর্পণ করে;
(ঙ) যদি গাড়িটি ধ্বংস হয়ে যায়, বিক্রি হয়ে যায়, হস্তান্তরিত হয়, বিচ্ছিন্ন হয় বা যে কোন অবস্থায় যুক্ত বা নিয়ন্ত্রিত হয়;
(চ) গ্রহীতা এখানে দেওয়া নিরাপত্তা তৈরি করতে ব্যর্থ হলে;
(ছ) "BAF"-এর অগ্রিম লিখিত সম্মতি না নিয়ে বা "BAF"-এর আস্থা উপভোগের জন্য ম্যানেজমেন্টের স্থগিতাদেশের ওপর গ্রহীতার সংগঠন বা ম্যানেজমেন্টের বাস্তব পরিবর্তন ঘটলে, তাহলে তা BAF-এর প্রতি হানিকর হবে বা তার পছন্দকে খর্ব করবে;
(জ) যদি গ্রহীতা "BAF"-এর লোন সম্পর্কিত বিস্তারিত বিবৃতি "BAF" থেকে পাওয়া এই অনুরোধের 10দিনের মধ্যে "BAF"-এর প্রয়োজন অনুযায়ী সঞ্চিত করতে ব্যর্থ হয়;
(ঝ) যদি বাণিজ্যিক বা বেআইনি উদ্দেশ্যে গ্রহীতা গাড়ি কাজে লাগায়;
(ঞ) "BAF", নিয়ন্ত্রক বা অন্যান্য কারণে, লোনটি চালিয়ে নিয়ে যেতে অসমর্থ বা অনিচ্ছুক;
(ট) অন্য কোন চুক্তির মধ্যে থাকা দায়িত্ব পালনে গ্রহীতা চ্যুত হলে তা BAF এবং গ্রহীতার মধ্যে চলে আসবে।

আ) সময়ে পরিশোধে অক্ষমতার কোন ঘটনায় বিজ্ঞপ্তি

যদি সময়ে পরিশোধে অক্ষমতার কোন ঘটনায় বা বিজ্ঞপ্তির পরে বা সময় পেরিয়ে যাবার পরে অথবা উভয় ক্ষেত্রেই সময়ে পরিশোধে অক্ষমতার ঘটনা হয়েছে বলে গণ্য করা হবে, ঋণগ্রহীতা অবিলম্বে "BAF"-কে 15 দিনের মধ্যে লিখিতভাবে উল্লেখিত সময়ের মধ্যে এরকম পরিশোধে অক্ষমতার কথা ব্যক্ত করে বিজ্ঞপ্তি পাঠাবেন।

ই) সময়ে পরিশোধে অক্ষমতার পরিণতিসমূহ

I. উপরে উল্লেখিত সময়ে পরিশোধে অক্ষম হল, যেকোন সহমতে প্রাপ্ত মেয়াদশেষ নির্বিশেষে, "BAF"-এর অধিকার থাকবেঃ

অ) ঋণের পুরো বকেয়া অর্থ পুনরুদ্ধারের জন্য ঋণের পরিমাণ নির্ধারণ করার এবং ঋণ ফেরত চাওয়ার বিজ্ঞপ্তি পাঠানোর;
আ) স্বয়ং নিজে বা অ্যাটর্নী বা অনুমোদিত প্রতিনিধি, সংস্থা, ইত্যাদির মাধ্যমে, যাকে আইনের অধীনে নির্ধারিত পদ্ধতি অনুযায়ী "BAF"-এর দ্বারা নিয়োগ করা হয়েছে, বাহনের দখল নেওয়া;
ই) মধ্যস্থতা এবং মীমাংসা আইন, 1996 অনুযায়ী মধ্যস্থতা পদ্ধতি আরম্ভ করা।
ঈ) তার বকেয়া অর্থের পুনরুদ্ধার এবং জামিন সম্পত্তির নিদর্শনপত্র বলবত্ করার জন্য যেকোন কার্যকলাপ গ্রহণ করা যা যথাযথ বলে মনে করা হয়।

II. ঋণগ্রহীতাকে বিজ্ঞপ্তি দেওয়াঃ

অ. "BAF" ঋণগ্রহীতার সাথে লিখিতভাবে এবং/অথবা টেলিফোন এবং/অথবা ব্যক্তিগত যোগাযোগের দ্বারা স্বয়ং নিজে এবং/অথবা এর অনুমোদিত প্রতিনিধি বা নিযুক্তকের মাধ্যমে যোগাযোগ করবে,
আ. BAF এবং/অথবা তার নিযুক্তক এবং/অথবা অনুমোদিত প্রতিনিধি ঋণগ্রহীতার অনুরোধমত ঋণগ্রহীতার বাসস্থান অথবা সাম্প্রতিক পরিচিত বাসস্থান অথবা অন্য যেকোন স্থান দেখতে যেতে পারেন,
ই. "BAF" ঋণের চুক্তিমত অথবা ঋণগ্রহীতা দ্বারা "BAF"-কে অবহিত করানোর সাম্প্রতিক ঠিকানায় সঠিক সহায়ক নথিপত্র সমেত যথাযথ লিখিত বিজ্ঞপ্তিসহ ব্যতীত বাহনের পুনরায় দখলসহ কোন আইনি অথবা অন্যান্য পুনরুদ্ধার পদক্ষেপগুলি নিতে পারবে না,
ঈ. পুনরায় বাহন দখলের প্রক্রিয়া অথবা অন্যান্য আইনি কার্য আরম্ভ করার আগে, যেমন প্রয়োজন, ঋণগ্রহীতাকে বকেয়া অর্থ পরিশোধের জন্য 7 দিনের একটি বিজ্ঞপ্তি দিতে হবে

III. যেই পরিস্থিতিতে বিজ্ঞপ্তি সময়কালকে মকুব করা যেতে পারেঃ

নিম্নলিখিত পরিস্থিতিতে ঋণগ্রহীতাকে বিজ্ঞপ্তিপ্রদান মকুব করা যেতে পারে
অ) এরকম কোন পরিস্থিতির উদ্ভব হওয়া যা "BAF" -এর মতে হবার যুক্তিসংগত কারণ রয়েছে যেগুলি দায়বন্ধকীকৃত বাহনকে ক্ষতিগ্রস্ত করতে পারে অথবা বিপদগ্রস্ত করতে পারে অথবা এই চুক্তির অধীনে এতে "BAF" -এর স্বার্থে;
আ) যদি ঋণগ্রহীতা, "BAF"-এর আগাম লিখিত সম্মতি ছাড়া, ঋণগ্রহীতার বাহনের উপরে কোন আর্থিক দায়, দায়বন্ধক, পূর্বস্বত্ব অথবা অন্যান্য দায়ের চেষ্টা করেন বা দায় সৃষ্টির অভিপ্রায় করেন, যা উপরোক্ত বকেয়া অর্থ পরিশোধের জন্য জামিন সম্পত্তির নিদর্শনপত্র হয়ে আছে অথবা হবে "BAF" -এর কাছে ঋণগ্রহীতার অন্যান্য বাধ্যবাধকতা সুরক্ষিত করা ব্যতীত;
ই) ঋণ সুবিধা গ্রহণ করার জন্য ঋণগ্রহীতা দ্বারা প্রদত্ত তার/তাদের নিম্নে বর্ণিত যেকোন নিবেদন, নির্ভরপত্রে যদি দেখা যায় যে সেখানে কোন তথ্য ভুল এবং অসত্য আছে বা হয়েছে বা তথ্যগত সত্য লুক্কায়িত হয়েছে;
ঈ) যদি বাণিজ্যিক বা বেআইনি উদ্দেশ্যে গ্রহীতা গাড়ি কাজে লাগায়;

IV. বাহনের পুর্নদখল:

পুর্নদখল প্রক্রিয়া আরম্ভ করার আগে ঋণগ্রহীতাকে লিখিত বিজ্ঞপ্তি পাঠানো হবে।
মধ্যস্থতা এবং মীমাংসা আইন, 1996 এ নিহিত অথবা কোন উপযুক্ত কর্তৃপক্ষের অধীনে, যেমনভাবে প্রযোজ্য হয়, যেকোন প্রবিধানের অধীনে আদালত থেকে রিসিভার আদেশনামা প্রাপ্ত হবার পরে বাহনের পুর্নদখল করা হবে।
আদালত বা উপযুক্ত কর্তৃপক্ষের নির্দেশনামা অনুসারে ঋণগ্রহীতার দায়িত্ব হবে বাহনের পুর্নদখল করায় কোন বাধা, আপত্তি বা বিরুদ্ধাচারণ যেন না করা হয়। "BAF" ঋণগ্রহীতাকে বাহনের একটি বর্ণনামূলক তালিকা প্রদান করবে।
বাহনের পুর্নদখলের পরে বাহনের সুরক্ষা এবং নিরাপত্তা নিশ্চিত করার বিষয়ে "BAF" সমস্ত যুক্তিসঙ্গত সতর্কতা গ্রহণ করবে। বাহনের পুর্নদখল সম্পর্কিত সমস্ত প্রাক এবং পরবর্তী খরচ এবং এর দখলে রাখার খরচ ঋণগ্রহীতা দ্বারা বহন করা হবে।
যদি প্রয়োজন হয়, "BAF" সংশ্লিষ্ট স্থানীয় পুলিস স্টেশনে প্রাক এবং পরবর্তী জ্ঞাপন দিতে পারে।

V. বাহনের মূল্য নির্ণয় এবং বিক্রয়ঃ

বাহনের পুর্নদখলের পরে, 7 দিনের মধ্যে ঋণগ্রহীতাকে সমস্ত বকেয়া অর্থ পরিশোধ করার জন্য শেষ সুযোগ দিয়ে তার প্রতি একটি প্রাক-বিক্রয় বিজ্ঞপ্তি জারি করা হবে।
চুক্তিতে সহমত হওয়া শর্তাবলী অনুসারে যদি ঋণগ্রহীতা পুরো অর্থ পরিশোধ করেন, তাহলে পুরো অর্থ পরিশোধের সাপেক্ষে বাহনটি ঋণগ্রহীতার কাছে ফেরত্ দেওয়া হবে।
যদি ঋণগ্রহীতা সমস্ত বকেয়া অর্থ এবং আর্থিক দায় বিজ্ঞপ্তির তারিখ থেকে অথবা উভয় পক্ষ যাতে সহমত হবেন সেই তারিখ থেকে 07 দিনের মধ্যে পরিশোধ করতে ব্যর্থ হন, সেক্ষেত্রে, "BAF" পুর্নদখলীকৃত বাহনটিকে তার নিযুক্তক বা প্রতিনিধিদের মাধ্যমে নীলাম অথবা অনলাইনে নীলাম বা বিক্রয়, হস্তান্তর অথবা "BAF" তার সম্পূর্ণ ইচ্ছানুসারে যা যথাযথ মনে করবে, সেভাবে নীলাম প্রক্রিয়া শুরু করবে।
সমস্ত পুর্নদখলপ্রাপ্ত বাহনগুলির মূল্যায়ন সংস্থার মূল্যায়ন প্রক্রিয়া অনুসারে ন্যায্য এবং স্বচ্ছভাবে সম্পন্ন করা হবে।
পুর্নদখলপ্রাপ্ত বাহনের বিক্রয় থেকে প্রাপ্ত অর্থ সংস্থার নীতি অনুসারে " BAF" তার সমস্ত অনাদায়ী বকেয়া/আর্থিক দায় মেটাবার জন্য প্রয়োগ করবে। যদি সমস্ত অনাদায়ী বকেয়া এবং/অথবা আর্থিক দায় বাহনের বিক্রয় অর্থ দিয়ে পরিশোধ করার পরে যদি কোন অতিরিক্ত অর্থ থেকে থাকে, সেই অর্থ ঋণগ্রহীতাকে তার অনুরোধমতে চেক এবং/অথবা ডিমাণ্ড ড্রাফটের দ্বারা এক যুক্তিসঙ্গত সময় পরে ফেরত্ দিয়ে দেওয়া হবে।
তবে, যদি বিক্রয়ের অর্থ সমস্ত অনাদায়ী বকেয়া এবং অথবা আর্থিক দায় পরিশোধ করার পক্ষে যথেষ্ট না হয়, তাহলে, অন্য কোন অধিকারের ক্ষতি না করে, "BAF" ঋণগ্রহীতার থেকে বাকি পরিমাণ অর্থ পুনরুদ্ধার করবে।

VI. বাহনের ঐচ্ছিক সমর্পন:

যেমনভাবে এবং যে ফরম্যাটের বিষয়ে "BAF" সিদ্ধান্ত নেবে, ঋণগ্রহীতা যথাযথভাবে স্বাক্ষরিত সমর্পন পত্র সেভাবেই প্রদান করবেন।
সমস্ত সমর্পিত বাহনগুলির মূল্যায়ন সংস্থার মূল্যায়নের প্রক্রিয়া অনুসারে ন্যায্য এবং স্বচ্ছভাবে সম্পন্ন করা হবে।
সমর্পিত বাহনের নীলামের জন্য "BAF" বাহনটিকে তার নিযুক্তক বা প্রতিনিধিদের মাধ্যমে নীলাম অথবা অনলাইনে নীলাম বা বিক্রয়, হস্তান্তর অথবা "BAF" তার সম্পূর্ণ ইচ্ছানুসারে যা যথাযথ মনে করে, সেভাবে নীলাম প্রক্রিয়া শুরু করবে।
BAF সংস্থার নীতি অনুসারে সমর্পিত বাহনের বিক্রয়ের অর্থ সমস্ত অনাদায়ী বকেয়া/আর্থিক দায় পরিশোধ করার জন্য প্রয়োগ করবে। যদি সমস্ত অনাদায়ী বকেয়া এবং/অথবা আর্থিক দায় বাহনের বিক্রয়ের অর্থ দিয়ে পরিশোধ করার পরে যদি কোন অতিরিক্ত অর্থ থাকে, সেই অর্থ ঋণগ্রহীতাকে অনুরোধক্রমে চেক এবং/অথবা ডিমাণ্ড ড্রাফটের দ্বারা এক যুক্তিসঙ্গত সময় পরে ফেরত্ দিয়ে দেওয়া হবে। তবে, যদি বিক্রয়ের অর্থ সমস্ত অনাদায়ী বকেয়া এবং অথবা আর্থিক দায় পরিশোধ করার পক্ষে যথেষ্ট না হয়, তাহলে, অন্য কোন অধিকারের প্রতি পূর্বধারণা ব্যতীত, "BAF" ঋণগ্রহীতা থেকে বাকি পরিমাণ অর্থ পুনরুদ্ধার করবে।

VII. মুখ্য বিষয়

অ) "BAF" যেই স্থান মনোনীত করবে, ঋণগ্রহীতা "BAF" -কে সেই স্থানে বাহন/পরিসম্পদ ফেরত্ দিতে বাধ্য থাকবেন, এবং একই অবস্থায় যেমনভাবে ঋণগ্রহীতাকে শুরুতে প্রদান করা হয়েছিল, ঋণগ্রহীতার দ্বারা কৃত সমস্ত আনুষঙ্গিক/অতিরিক্ত বস্তুসহ, তবে, পরবর্তীকালে, সাধারণ ক্ষয় গ্রাহ্য করা হবে।
আ) এছাড়াও, ঋণগ্রহীতা "BAF"-কে অথবা আদালত থেকে মনোনীত রিসিভারকে উপরে উল্লেখিত বাহনের দখল নিতে বিরত করতে অথবা বাধা না দিতে সম্মত হয়েছেন এবং অঙ্গীকার করেছেন।
ই) বাহনের দখল সম্পন্ন করার জন্য টেনে আনার খরচ, গুদামঘরের খরচ, ভাড়া এবং অন্যান্য খরচসহ বিবিধ খরচ যা "BAF" বাহনের দখল সম্পন্ন করা এবং নিরাপদে রাখা, ইত্যাদির জন্য ব্যয় করেছে, ঋণগ্রহীতা তা পরিশোধ করতে বাধ্য থাকবেন। ঋণগ্রহীতা যেকোন ত্রুটির জন্য অবিলম্বে -"BAF"কে অর্থপ্রদান করতে বাধ্য থাকবেন।
ঈ) ঋণগ্রহীতা(গণ) এতদ্বারা "BAF" দ্বারা ওনাকে মঞ্জুরীকৃত উক্ত ঋণ সুবিধার একটি প্রাক-শর্ত হিসাবে সম্মত হয়েছেন যে যদি ঋণগ্রহীতা ঋণ সুবিধা সময়ে পরিশোধে অথবা এর উপরে সুদের অর্থ পরিশোধে অথবা নির্ধারিত তারিখে(গুলিতে) ঋণ সুবিধার সম্মত কিস্তি প্রদানে অক্ষম হন, BAF" সেই ঋণগ্রহীতা(গুলি)র, তা সে/তারা একক ব্যক্তি, সংস্থা কোন প্রতিষ্ঠান এবং তার আধিকারিক/অংশীদার/মালিক হন না কেন, সময়ে ঋণ পরিশোধে খেলাপকারী হিসাবে "BAF" তাদের সম্পূর্ণ ইচ্ছাধীনে যেরকম উপযুক্ত বলে মনে করবে, সেইভাবে এবং সেই মাধ্যমের দ্বারা তার নাম উন্মোচন বা প্রকাশ করার জন্য স্বাধীন থাকবেন।
উ) এখানে বর্ণিত ক্ষমতার প্রয়োগ করাকালীন, উক্ত আদায়/পুর্নদখল এবং বিক্রয়ের কারণে ঋণগ্রহীতার কোন ক্ষতিগ্রস্ত হবার কারণে "BAF" কোনভাবে আবদ্ধ হবে না বা দায়ী থাকবে না।
ঊ) BAF বা তার নিযুক্তক, অফিসার বা মনোনীত ব্যক্তিগণ যেকোন ভাবেই দায়ভাগী এবং/অথবা দায়ী থাকবেন না এবং ঋণগ্রহীতা এতদ্বারা "BAF"-কে অথবা তার অফিসার, নিযুক্তক অথবা যেকোন মনোনীত ব্যক্তিকে যেকোন বিষয়সম্পত্তি এবং জিনিষপত্র যা দায়িত্ব এবং/অথবা দায়বন্ধকীকৃত বাহনের দখল অথবা বাজেয়াপ্ত করার সময় দায়বন্ধকীকৃত বাহনে রাখা হতে পারে বা রয়েছে, সেগুলির কোন হানি, ক্ষতি, নিয়ন্ত্রণ বা অন্যথার জন্য দায়ী করবেন না বলে সম্মত হয়েছেন।

10. স্বত্বনিয়োগ এবং হস্তান্তর।

10.1 BAF-এর যেকোন ব্যক্তি/স্বত্বাকে এই চুক্তি অনুসারে অথবা অন্য কোন নথিপত্র অনুসারে "BAF"-এর অন্য কোন অধিকার এবং বাধ্যবাধকতার অধীনে ঋণের এবং অনাদায়ী অর্থের পুরো অথবা আংশিক বিক্রয় বা হস্তান্তর (স্বত্বনিয়োগ, আর্থিক সম্পত্তিকে নিদর্শনপত্রে পরিণত করা অথবা অন্যথা) করার অধিকার রয়েছে এরকম ভাবে অথবা সেরকম কোন শর্তাবলীর অধীনে যা "BAF" তার সম্পূর্ণ ইচ্ছানুসারে ঋণগ্রহীতাকে কোন উল্লেখ বা জ্ঞাপন ব্যতীত সিদ্ধান্ত নিতে পারে। ঋণগ্রহীতা(গণ) এরকম বিক্রয়, স্বত্বনিয়োগ, জামানত সম্পত্তিকে নিদর্শনপত্রে পরিণত করা অথবা হস্তান্তরের জন্য আবদ্ধ থাকবেন।
10.2 উপরোক্ত বিক্রয় বা হস্তান্তরের ক্ষেত্রে ঋণগ্রহীতা স্পষ্টভাবে এরকম কোন ব্যক্তিকে গ্রহণ করতে সম্মত হচ্ছেন যাকে তার/তাদের ঋণদাতা হিসাবে ঋণ বিক্রয় করা হচ্ছে অথবা হস্তান্তর করা হচ্ছে এবং এরকম ব্যক্তিকে ঋণ পরিশোধ করতে বলা হবে যেরকমভাবে "BAF" দেবার নির্দেশ করছেন
10.3 এই চুক্তির অধীনে আংশিকরূপে বা সম্পূর্ণরূপে যেকোন ব্যক্তিকে ঋণগ্রহীতা প্রত্যক্ষভাবে বা পরোক্ষভাবে তার অধিকার বা বাধ্যবাধকতার স্বত্বনিয়োগ করার অধিকারী থাকবেন না।

বুসান অটো ফাইনান্স ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড (Bussan Auto Finance India Private Limited) এর পক্ষে

☞ ঋণগ্রহীতা | ✗ সহ-ঋণগ্রহীতা | ✓ জামিনদার

অনুমোদিত স্বাক্ষরকারী

11. প্রাক-পরিশোধ

BAF ঋণগ্রহীতার থেকে ঋণের অর্থের উপরে তফসিলে উল্লেখিত সুদে প্রাক-পরিশোধ মাশুল আদায় করার অধিকারী থাকবেন, যদি ঋণগ্রহীতা পরিশোধের শর্তাবলী অর্থাত্, "ঋণের সময়কাল শেষ হবার পূর্বেই, যেমনভাবে তফসিলে উল্লেখিত হয়েছে, ঋণের অর্থের প্রাক-পরিশোধের আগেই বন্ধকী অ্যাকাউন্টটি বন্ধ করার সিদ্ধান্ত নেন বা ইচ্ছা প্রকাশ করেন।

12. অঙ্গীকারপত্র

1. জামিনদার(গণ) এতদদ্বারা "BAF"-এর কাছে দাবি করার 15 দিন পরে নিঃশর্তে এবং অপরিবর্তনীয়ভাবে বকেয়া পরিশোধ এবং ঋণগ্রহীতা(গণ)র দ্বারা এতদদ্বারা তার/তাদের দায়দায়িত্ব থেকে মুক্ত হবার অঙ্গীকার করছেন, তা সেটি এখানে উল্লেখিত তারিখের পূর্বে বা পরে সংঘটিত হয়েছে ঋণ সুবিধার পুরোপুরি অর্থ "BAF"-এর দ্বারা তার সুদ এবং সমস্ত মাশুলসহ প্রদত্ত হোক না কেন, এই অঙ্গীকার দায়দায়িত্ব পুরোপুরি পরিশোধ হওয়া পর্যন্ত একটি চলমান অঙ্গীকার থাকবে। জামিনদার(গণ)-এর দায়দায়িত্ব ঋণগ্রহীতা(গণ)-এর সাথে যৌথভাবে এবং এককভাবে থাকবে।
2. জামিনদার(গণ) এতদদ্বারা সম্মত হচ্ছেন যে তাদের দায়দায়িত্ব ঋণগ্রহীতার সাথে একত্রে তাদের ও "BAF"-এর সাথে সমবিস্তৃত হবে, সমস্ত বকেয়া অর্থের জন্য "BAF"-এর কাছে তাদের মূল দেনদার হিসাবে গণ্য করা হবে।
3. জামিনদার(গণ) স্পষ্টভাবে সম্মত হচ্ছেন যে তারা কোন অবস্থাতেই "BAF"-এর কাছে নিম্নলিখিত বিষয়গুলিতে, কিন্তু এতে সীমাবদ্ধ নয়, তাদের দায়দায়িত্ব থেকে অব্যাহতি পাবেন না:
   অ. "BAF"-এর এবং ঋণগ্রহীতা(দের) মধ্যে তাদের সম্মতি বিনা এই চুক্তির শর্তাবলী বা লেনদেনে যেকোন হওয়া বিরোধের দ্বারা
   আ. "BAF"-এর এবং ঋণগ্রহীতা(দের) মধ্যে কোন হওয়া চুক্তি যার দ্বারা ঋণগ্রহীতা(গণ) অব্যাহতি পাবেন, অথবা
   ই. BAF-এর যেকোন ত্রাস্তির কারণে যার আইনি পরিণতিতে জামিনদার(গণ)দের অব্যাহতি হতে পারে, অথবা
   ঈ. "BAF"-এর দ্বারা কোন সমঝোতা করা অথবা সময় দেওয়ার প্রতিশ্রুতি অথবা ঋণগ্রহীতা(দের) আদালতে অভিযুক্ত করা অথবা
   উ. BAF-এর দ্বারা জামিন সম্পত্তির নিদর্শনপত্র হারিয়ে ফেলা, এবং ঋণগ্রহীতা(গণের) এতদদ্বারা সমস্ত জামানত নেবার অধিকার যা অন্যথা তাদের কাছে উপলব্ধ হবে।
4. জামিনদার(গণ)-এর অর্থ পরিশোধ করার বাধ্যবাধকতা " BAF"-এর থেকে লিখিত বিজ্ঞপ্তির রসিদ পাওয়ার পরে 15 দিন পরে অথবা রেজিস্ট্রি পোস্টে AD, পাঠাবার 18 দিন পরে, যেটি প্রথমে ঘটবে, ঋণগ্রহীতা(গণ)-দের বিরুদ্ধে আইনি প্রক্রিয়া নেবার জন্য ডাকা হয়েছে কি না।
5. জামিনদার সম্মত হচ্ছেন যে এই চুক্তিতে বর্ণিত মধ্যস্থতা ধারা জামিনদারকেও আবদ্ধ করে এবং জামিনদার(গণ)ও মধ্যস্থতাকারী দ্বারা কোন রায় মানতে বাধ্য।
6. "BAF" এই জামিনের সম্পূর্ণ অংশ বা কোন অংশ কোন ব্যক্তিকে স্বত্বনিয়োগ করতে পারে (সম্পূর্ণভাবে বা সম্পত্তির নিদর্শনপত্র) ঋণগ্রহীতার মূল বাধ্যবাধকতাসহ।

13. বিবিধ

13.1 এই চুক্তির অধীনে অধিকারকে কার্যকরভাবে বলবত্ করার জন্য এবং মঞ্জুরীকৃত ঋণ সুবিধা, সুদ এবং অন্যান্য পরিশোধীয় অর্থ পুনরুদ্ধার করার জন্য "BAF"-কে সমর্থ করতে, ঋণগ্রহীতা(গুলি) এতদদ্বারা "BAF"-কে অপরিবর্তনীয়ভাবে মনোনীত করছে, গঠন করছে, তার কোন অফিসার, নিযুক্তক অথবা অনুমোদিত প্রতিনিধির মাধ্যমে প্রকৃত এবং আইনসিদ্ধ অ্যাটর্নী হিসাবে এই সমস্ত বা আংশিক কাজ, আইনি কর্ম এবং জিনিষগুলি বাহন ক্রয় করার জন্য মঞ্জুরীকৃত অর্থ প্রদান করা/ঋণ সুবিধা সম্পাদন করা অথবা করা/সম্পন্ন করার জন্য নিয়োগ করছে, যথা: .

অ) উক্ত বাহনের হস্তান্তর, বিক্রয় অথবা নিষ্পত্তির জন্য এবং সমস্ত চুক্তি, বিবৃতি এবং জামিন সম্পত্তির নিদর্শনপত্রগুলি সম্পাদনের জন্য প্রয়োজন বা সমীচিনমত বাহনের বন্টনের জন্য যেমন যুক্তিযুক্ত হবে।

আ) যেকোন নিযুক্তক এবং/অথবা দালালকে বাহনের দখল নেবার জন্য এবং যেকোন বিক্রয়ের মাধ্যমে হস্তান্তর বা নিষ্পত্তি বা উদ্ধারের জন্য নিয়োগ করা বা তার সাথে চুক্তিবদ্ধ হওয়া, যেরকম ক্ষেত্রে প্রযোজ্য হয়।

ই) উক্ত বাহনের বিক্রয়ের পরে রেজিস্ট্রেশনের জন্য উপযুক্ত কর্তৃপক্ষকে বিজ্ঞপ্তি দেওয়া।

ঈ) উক্ত বাহনের বিক্রয়, হস্তান্তর, নিষ্পত্তির দ্বারা অর্থ প্রাপ্ত হবার জন্য এবং তার জন্য উপযুক্ত রসিদ দেওয়া এবং বৈধ ও কার্যকর নিষ্পত্তি করা।

উ) সাধারণভাবে এই বিষয়গুলিকে ঋণগ্রহীতা(গণ) দ্বারা সম্পূর্ণ এবং কার্যকরভাবে সম্বন্ধীয় অথবা স্বল্প পরিমাণে ধরা সমস্ত কাজ, আইনি কাজ, বিষয় এবং কোন জিনিষ করা, কার্যে পরিণত করা এবং সম্পাদন করা অথবা যেন মনে হয় এইগুলি ব্যক্তিগতভাবে কাজ করা হয়েছে, কার্যে পরিণত করা হয়েছে এবং সম্পাদিত হয়েছে।

13.2 আইনের অধীনে এবং এই বিষয়ে "BAF"-কে উপলব্ধ অধিকার, ক্ষমতা এবং প্রতিকার, "BAF" -এর দ্বারা তার যেকোন কর্মী অথবা নিযুক্তকের মাধ্যমে সম্পাদিত হবে এবং "BAF" উপরোক্ত যেকোন বা সমস্ত অধিকার এবং কর্তৃত্ব সেসমস্ত কর্মী বা নিযুক্তকদের অর্পণ করতে পারেন।

13.3 ঋণগ্রহীতা(গণ) "BAF"-কে যেকোন কাজ, ক্ষতিপূরণ, খরচ, ক্ষতি, দাবি, ব্যয়, হানি এবং দায়দায়িত্বের কেবলমাত্র নির্দোষ দাবি ব্যতীত প্রদান করবেন এবং ক্ষতিপূরণ দেবেন যা "BAF"-এর দ্বারা ক্ষতিগ্রস্ত হওয়া বা ব্যয় করার জন্য যা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে এর সাথে সম্পর্কিত:

(অ) ঋণগ্রহীতা(গণ) দ্বারা এই চুক্তির যেকোন প্রবিধান পালন করায় ব্যর্থতা এবং/অথবা

(আ) তৃতীয় পক্ষের দায়দায়িত্বসহ যেকোন দায়দায়িত্ব যা দখল, ক্রিয়াকাণ্ড এবং ঋণগ্রহীতা(গণ) দ্বারা অথবা তার কর্মী বা তার নিযুক্তক বা অন্য যেকোন ব্যক্তি তা সে ঋণগ্রহীতা(গণের) দ্বারা অনুমোদিত হোক বা না হোক, বাহনের ব্যবহারের জন্য এবং সে উদ্দেশ্যে আনুষঙ্গিক বিষয়গুলির জন্য এবং/অথবা

(ই) যেকোন ক্ষতিপূরণ, হানি, দাবি, কার্যকলাপ, খরচ, ব্যয় এবং দায়দায়িত্ব যা "BAF"-এর দ্বারা ক্ষতিগ্রস্ত বা ব্যয়িত হয়েছে ঋণগ্রহীতা(গণ)দের আবেদন এবং অঙ্গীকারপত্রের মিথ্যা এবং অসত্য হওয়া এবং/অথবা দায়বন্ধকীকৃত বাহন যেকোন দায় বা আর্থিক দায় থেকে মুক্ত না হওয়ার কারণে যেকোন ক্ষতিপূরণ, হানি, দাবি, কার্য, খরচ, ব্যয় এবং দায়দায়িত্ব যা "BAF"-এর দ্বারা ক্ষতিগ্রস্ত বা ব্যয়িত হয়েছে

13.3 যেকোন শর্তাবলী বা এই চুক্তির কোন কিছু ক্ষতি ব্যতীত সব পক্ষগুলি স্পষ্টভাবে সম্মত হচ্ছেন যে ঋণগ্রহীতা দ্বারা "BAF"-কে এই চুক্তির অধীনে যেকোন অর্থ পরিশোধ করলে তা "BAF" দ্বারা নিম্নলিখিত ভাবে অথবা যা উপযুক্ত বলে মনে হয় সেইভাবে বন্টিত করা হবে-

অ. খরচ, আর্থিক দায় এবং ব্যয় যা "BAF" পরিষেবা, সম্পদের নিদর্শনপত্রকে বলবত করতে পারা এবং বজায় রাখতে পারার জন্য খরচ করতে পারে এবং তাই ঋণগ্রহীতা দ্বারা "BAF"-কে প্রদেয় ঋণ, সুদ এবং সমস্ত বকেয়া অর্থ যা এই চুক্তির অধীনে রয়েছে, তা পুনরুদ্ধার করতে পারে।

আ. সুদ, আর্থিক দায় চুক্তির অধীনে যেমন ভাবে পুঁজিত হয়েছে

ই. ঋণের মূল অর্থের পরিমাণ

ঈ. সময়ে পরিশোধে অক্ষমতার জন্য অর্থের উপর সুদ এবং সময়ে পরিশোধে অক্ষমতার জন্য ধার্য্য অর্থ(সমূহ)-এর উপরে ক্ষতি অথবা লাভ

উ. প্রাক-পরিশোধের জন্য মাশুল, ব্যাংক মাশুল (চেক অস্বীকৃত হবার জন্য মাশুল) এবং অন্যান্য মাশুল যেগুলি বকেয়া আছে এবং পরিশোধীয়,

13.4 সব পক্ষ সম্মত হচ্ছেন যে এই চুক্তির অধীনে এবং অন্যান্য নথিপত্র অনুসারে "BAF"-এর দ্বারা তার যেকোন অধিকার, ক্ষমতা অথবা প্রতিকার প্রয়োগ করতে দেরী হওয়া বা ভুলে যাবার কারণে কোন অধিকার, ক্ষমতা অথবা প্রতিকারকে দুর্বল করবে না অথবা "BAF"-এর দ্বারা স্বত্বত্যাগ বা নীরব সম্মতি বলে গণ্য করা হবে না

13.5 সব পক্ষ সম্মত হচ্ছেন যে এই চুক্তি এবং এর তফসিল এবং এই অনুসারে অন্য কোন নথিপত্রের প্রদর্শন সব পক্ষের মধ্যে এক একক চুক্তি হিসাবেই গণ্য হবে।

13.6 এই চুক্তি উভয়পক্ষের মধ্যেকার পূর্ববর্তী আলোচনা এবং প্রতিনিধিত্বকে বাতিল করে এবং উহাদের বিষয়বস্তুগুলির সাথে সংগতিহীন, এর মধ্যে অন্তর্ভুক্ত "BAF" ব্রোসিওর, কোনো পত্রাবলীতে ঋণগ্রহীতা কর্তৃক প্রদত্ত বাধ্যবাধকতা এবং "BAF" -এর কোন প্রতিনিধির ভিত্তিতে উপস্থাপিত বিবৃতির পরিপ্রেক্ষিতে সংরক্ষণ, কোনো আবেদনের ফর্ম বা অন্যকিছু যা করা হয়েছে বা করা হবে বলে সম্মতি দেওয়া হয়েছে।

13.7 নেগোশিয়েবেল ইন্সট্রুমেন্টস অ্যাক্ট, 1881, সাম্প্রতিক সংযোজন সহ, ক্রিমিনাল প্রসিডিওর অ্যাক্ট, সিভিল প্রসিডিওর কোর্ট বা অন্য কোনো ফোরামের অধীনে কোনো প্রতিবিধান অনুসন্ধান করলে ঋণগ্রহীতা (ঋণগ্রহীতাগণ) সুদ সমেত খরচ প্রদান করার জন্যও দায়বদ্ধ থাকবেন।

13.8 পক্ষগুলির ঠিকানা নীচে উল্লিখিত সিডিউলের অনুরূপ হবে। তাঁর/তাঁদের ঠিকানার কোনো পরিবর্তন হলে ঋণগ্রহীতা এবং গ্যারেন্টর তা আগে থেকে "BAF" কে জানাবেন।

13.9 এক পক্ষ দ্বারা অন্য পক্ষকে এই চুক্তির অধীনে অনুমোদিত বা প্রয়োজনীয় কোনো বিজ্ঞপ্তি বা অনুরোধ শুধুমাত্র লিখিত আকারে হতে হবে এবং সিডিউলে উল্লিখিত অন্য পক্ষের ঠিকানায় বা চুক্তি চলাকালীন বর্ণিত অন্য কোনো ঠিকানায় (বা ক্ষেত্রবিশেষে ঋণগ্রহীতা এবং গ্যারেন্টারদের ঠিকানায়), "BAF" এর শেষ পর্যন্ত জানা ঋণগ্রহীতা/গ্যারেন্টারের ঠিকানায় পাঠানো হবে:

(অ) "BAF" কর্তৃক দেওয়া হলে, ব্যক্তিগত ডেলিভারি, ফ্যাক্স বা ডাকযোগে পাঠানো হতে পারে এবং ধরে নেওয়া হয় যে দেওয়া হয়েছে বা ঋণগ্রহীতা/গ্যারেন্টর দ্বারা প্রাপ্ত হয়েছে, ব্যক্তিগত ডেলিভারি করা হলে, সেটি ডেলিভারি হয়ে গেলে এবং ডাকযোগে পাঠানোর ক্ষেত্রে রেজিস্টার পোস্টে সেটি তাঁর/তাঁদের শেষ পর্যন্ত জানা/পরিবর্তিত ঠিকানায় ঋণগ্রহীতা/গ্যারেন্টরকে পাঠানোর ক্ষেত্রে পাঠাবার 3 দিন পর সেটি প্রাপ্ত হয়েছে বলে ধরে নেওয়া হয় এবং

(আ) সকল পত্রাবলীতে, ঋণগ্রহীতা (ঋণগ্রহীতাদের) এবং গ্যারেন্টর (গ্যারেন্টরদের) সম্পূর্ণ রেজিস্ট্রেশন নম্বর এবং অ্যাকাউন্ট নম্বর উল্লেখ করতে হবে।

13.10 ঋনগ্রহীতাদের দায়বদ্ধতা, যদি একজনের বেশী হয়, তাহলে যৌথ এবং ভিন্ন
এই ঋণটির পরিপ্রেক্ষিতে ঋণগ্রহীতাদের দায়বদ্ধতা যৌথ এবং ভিন্ন হবে।

14. গুরুত্বের ধারা

এই চুক্তি বা আবেদনের কোন বিধান/ধারা/উপ-ধারা কোনও ব্যক্তি বা পরিস্থিতিতে বা অন্য কোন কারণে কোনও আইন বা প্রবিধান বা সরকারী নীতির কারণে অবৈধ বা অপ্রয়োগযোগ্য হিসাবে বিবেচিত হলে, এই চুক্তির অবশিষ্টাংশ এবং তার প্রয়োগ এই ধরনের বিধানাবলী অন্য যেকোনো ব্যক্তির ক্ষেত্রে বা যে পরিস্থিতিতে এটি অবৈধ বা অনুক্রমযোগ্য হিসাবে ধরা হয় সেটি ছাড়া অন্য সকল ক্ষেত্র এর ফলে প্রভাবিত হবে না, এবং এই চুক্তির প্রতিটি প্রবিধান বৈধ এবং আইন দ্বারা সম্পূর্ণ অনুমোদিত পরিমাণে প্রয়োগযোগ্য হবে।

15. সালিশি

এই চুক্তিটির থেকে বা এটির সম্পর্কে, এই চুক্তিটির ব্যাখ্যা এবং প্রয়োগ পরিচালনার সকল বিষয়গুলি, সংশ্লিষ্ট জমানত এবং অন্যান্য নথি সহ এটির বৈধতা বা লঙ্ঘন বা নিয়ম ও শর্তাবলী থেকে উভয় পক্ষের মধ্যে উদ্ভূত সকল বিবাদ, দাবি বা পার্থক্যসমূহের ক্ষেত্রে, সেটি বন্ধুত্বপূর্ণ আপসের মনোভাব নিয়ে উভয় পক্ষের মধ্যে মীমাংসা করা হবে। এরকম পদ্ধতিতে মীমাংসা করতে ব্যর্থ হলে, বিষয়টি নিষ্পত্তির জন্য আরবিট্রেশান অ্যান্ড কনসিলিয়েশান অ্যাক্ট, 1996-এর সংস্থান এবং ইন্ডিয়ান কাউন্সিল অফ আরবিট্রেশান এর সালিশির নিয়ম অনুযায়ী একজন স্বতন্ত্র সালিশির কাছে উল্লিখিত হবে যা BAF দ্বারা নিযুক্ত করা হয়, এবং সেই স্বতন্ত্র সালিশির সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে এবং সকল পক্ষকে মেনে নিতে হবে।
এটি হল এই চুক্তির একটি শর্ত, প্রকৃতপক্ষে যে সালিশের কাছে বিষয়টি নিষ্পত্তির জন্য দেওয়া হয়েছে, dyemg বা কোনো কারণে কাজটি না করতে পারেন, তাহলে সালিশি হিসাবে কাজ করার জন্য BAF অন্য কাউকে নিয়োগ করবে। সেই ব্যক্তি তাঁর/তাঁদের পূর্বসূরীর রেফারেন্স সহ ছেড়ে যাওয়া পর্যায় থেকে এগিয়ে যাওয়ার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।
সালিসির মামলাস্থল নতুন দিল্লী বা BAF-র শাখা অফিস, যেটি নিযুক্ত সালিস সুবিধাজনক/উপযুক্ত মনে করবেন সেখানেই হবে।

16. অধিক্ষেত্র

এবং ওপরে উল্লেখ করা নেই এরকম সকল বিষয়ের নিষ্পত্তির অধিক্ষেত্র শুধুমাত্র নতুন দিল্লীর আদালত বা BAF-র শাখা অফিসের থাকবে।
এই চুক্তি, জমানত এবং সংশ্লিষ্ট নথিপ্রমাণ ভারতীয় আইন দ্বারা পরিচালিত হবে।

সম্মতি-

আমি/আমরা, উপরিউক্ত ঋণগ্রহীতা (গণ) এবং গ্যারেন্টর (গণ) এতদ্বারা বিবৃত করছি যে-

i. আমি/আমরা সম্পূর্ণ চুক্তিটি পড়েছি এবং বুঝেছি/চুক্তিটি আমাকে/আমাদেরকে আমাদের মাতৃভাষায় পড়ে ব্যাখ্যা করা হয়েছে আমার/আমাদের সামনে পূরণ করা সিডিউলে প্রদত্ত উপাদনগত বিবরণ সহ।

ii. আমি/আমরা এই চুক্তির বিষয়বস্তু যাচাই করার এবং বোঝার পরে আমার/আমাদের স্বাক্ষর প্রদান করছি।

iii. আমি/আমরা শুধুমাত্র ইংরেজি ভাষায় লিখিতভাবে বা অন্য কোনো মাধ্যমে আমাদের সাথে BAF কে যোগাযোগ করার অনুমতি দিতে সম্মত হচ্ছি।

যেটির স্বাক্ষীস্বরুপ, এখানে উল্লিখিত পক্ষগণ সিডিউলে উল্লিখিত দিন ও বছরে এই চুক্তিটি স্বাক্ষর করেছেন।

•ঋণগ্রহীতার পক্ষে

☞ ঋণগ্রহীতা | ✗ সহ-ঋণগ্রহীতা | ✓ জামিনদার

সাক্ষী:	**স্বাক্ষর:**	_____	**স্বাক্ষর:**	_____
	নাম:	_____	**নাম:**	_____
	ঠিকানা:	_____	**ঠিকানা:**	_____
		_____		_____

বুসান অটো ফাইনান্স ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড এর পক্ষে (Bussan Auto Finance India Private Limited এর পক্ষে)
দ্বারা স্বাক্ষরিত এবং প্রদান করা
বুসান অটো ফাইনান্স ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড (Bussan Auto Finance India Private Limited) তার
অনুমোদিত স্বাক্ষরকারীর দ্বারা: মহাশয়/মহাশয়া _____

অনুমোদিত স্বাক্ষরকারী